- ক. প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
খ. উপাত্তসমূহের মধ্যক নির্ণয় কর। ৪
গ. বর্ণনাসহ প্রদত্ত উপাত্তের অজিভ রেখা অঙ্কন কর। ৪

ধরলা

৪৬ রাজশাহী বোর্ড ২০২০

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।


ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $M = \{x : x \text{ মৌলিক সংখ্যা এবং } x \leq 6\}$, $N = \{2, 4, 6\}$
 $R = \{(x, y) : x \in M, y \in N \text{ এবং } y = 2x\}$
 ক. দেখাও যে, M ও N সেটদ্বয় পরস্পর নিষ্পন্ন সেট নয়। ২
 খ. দেখাও যে, $M \cup N = (M \setminus N) \cup (N \setminus M) \cup (M \cap N)$ । ৪
 গ. R অন্তর্ভুক্তিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করে তার ডোমেন নির্ণয় কর। ৪
- ২ ▶ (i) $a^4 = 527 - \frac{1}{a}$, যেখানে, $a > 0$
 (ii) $x + \frac{1}{x} = 4$, যেখানে $x > 0$.
 ক. $x^2 + 10x + 16 - y^2 + 6y$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
 খ. (i)নং হতে প্রমাণ কর যে, $a^3 + \frac{1}{a^3} = 110$ । ৪
 গ. (ii)নং হতে প্রমাণ কর যে, $\frac{x^8 - 1}{x^4} = 112\sqrt{3}$ । ৪
- ৩ ▶ একটি সমান্তর ধারার ১ম পদ ৩, সাধারণ অন্তর ৪.
 ক. $10 + 7 + 4 + \dots$ ধারাটির ১০ম পদ নির্ণয় কর। ২
 খ. ধারাটির প্রথম n পদের সমষ্টি 903 হলে n এর মান নির্ণয় কর। ৪
 গ. ধারাটির সাধারণ অন্তরকে ১ম পদ এবং ১ম পদকে সাধারণ অনুপাত ধরে একটি গুণোত্তর ধারা গঠন কর এবং তার প্রথম 7টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ ত্রিভুজের ভূমি $b = 4$ cm, ভূমি সংলগ্ন কোণ $\angle x = 60^\circ$ এবং অপর দুই বাহুর সমষ্টি $a = 7$ cm.
 ক. রম্বসের একবাহু b এবং একটি কোণ $\angle x$, রম্বসটি আঁক। (অঙ্কনের বিবরণের প্রয়োজন নেই) ২
 খ. ত্রিভুজটি আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. a এবং $(b + 1)$ সামান্তরিকের দুইটি কর্ণ এবং কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ $\angle x$ হলে, সামান্তরিকটি আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- ৫ ▶ ABC সমবাহু ত্রিভুজের পরিকেন্দ্র O এবং পরিবৃত্তের বহিঃস্থ বিন্দু P হতে বৃত্তটিতে PM ও PN দুইটি স্পর্শক।
 ক. $\angle AOB$ এর মান নির্ণয় কর। ২
 খ. পরিবৃত্তটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. প্রমাণ কর যে, $PM = PN$ । ৪

৬ ▶



চিত্রে O কেন্দ্র এবং SQ, $\angle PSR$ এর সমদ্বিখণ্ডক।

- ক. S, O, Q সমরেখ হলে $\angle SPQ$ এর মান নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $\angle PSR + \angle PQR = 180^\circ$ । ৪
 গ. প্রমাণ কর যে, $PQ = QR$ । ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $\frac{\tan \theta + \sec \theta}{\tan \theta - \sec \theta} = \frac{x + y}{x - y}$ এবং $\cos \alpha - \sin \alpha = \sqrt{2} \sin \alpha$.
 ক. $\tan A = \frac{3}{4}$ হলে, $\sin A$ এর মান নির্ণয় কর। ২
 খ. $x = 1, y = \sqrt{2}$ এবং θ সূক্ষ্মকোণ হলে, θ এর মান নির্ণয় কর। ৪
 গ. উদ্দীপক ব্যবহার করে প্রমাণ কর যে, $\frac{\cos \alpha - \sin \alpha}{\cos \alpha + \sin \alpha} = \tan \alpha$ । ৪
- ৮ ▶ (i) $\operatorname{cosec} A - \cot A = \frac{1}{x}$ এবং
 (ii) $\sin \theta + \sqrt{3} \cos \theta = 2$, যেখানে θ সূক্ষ্মকোণ।
 ক. $x = 2$ হলে, $\operatorname{cosec} A + \cot A$ এর মান নির্ণয় কর। ২
 খ. (i)নং থেকে প্রমাণ কর যে, $\cos A = \frac{x^2 - 1}{x^2 + 1}$ । ৪
 গ. (ii)নং সমীকরণটি সমাধান কর। ৪

- ৯ ▶ তোমার বিদ্যালয়ের আয়তাকার হলরুম এবং বর্গাকার ক্লাশরুমের পরিসীমা সমান। হলরুমের ভিতরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ এবং হলরুমটিতে টাইলস করতে প্রতি বর্গমিটার 75 টাকা হিসাবে মোট 45,000 টাকা খরচ হয়। রুম দুইটিতে 50 সে.মি. বর্গাকার টাইলস লাগানো হলো।
 ক. হলরুমের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. হলরুমের ভিতরের পরিসীমা নির্ণয় কর। ৪
 গ. রুম দুইটি টাইলস করতে কতটি টাইলস লাগবে? নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

১০ ▶ নিচে একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

সময় (সেকেন্ড)	30-35	36-41	42-47	48-53	54-59	60-65
গণসংখ্যা	3	10	18	25	8	6

- ক. চলকের পরিচয়সহ প্রচুরক নির্ণয়ের সূত্রটি লেখ। ২
 খ. প্রদত্ত সারণি থেকে গড় নির্ণয় কর। ৪
 গ. সারণিতে প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১১ ▶ কোনো শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90
গণসংখ্যা	2	8	10	20	16	4

- ক. কোনো শ্রেণির উচ্চসীমা 65 এবং শ্রেণি মধ্যমান 62.5 হলে, ঐ শ্রেণির নিম্নসীমা নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত সারণি থেকে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. সারণিতে প্রদত্ত উপাত্তের অজিভ রেখা অঙ্কন কর। ৪

গড়াই

৪৭ ✓ যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $R = \{x \in \mathbb{N} : x \text{ মৌলিক সংখ্যা এবং } x^2 \leq 50\}$
 $S = \{cx - dy, cd\} = \{cd, dx - cy\}$
 ক. $F(x) = x^3 - 2x + 3$ হলে, $F(-3)$ নির্ণয় কর। ২
 খ. $P(R)$ নির্ণয় করে দেখাও যে, $P(R)$ এর উপাদান সংখ্যা 2^n কে সমর্থন করে, যেখানে n, R এর উপাদান সংখ্যা। ৪
 গ. ক্রমজোড়ের নিয়মানুসারে S থেকে (x, y) এর মান নির্ণয় কর। ৪

- ২ ▶ (i) $p^2 + q^2 = \sqrt[4]{64}$
 (ii) $p^2 - q^2 = \sqrt[4]{81}$, (iii) $(a+2) + \frac{1}{(a+2)} = 5$.
 ক. উৎপাদকে বিশ্লেষণ কর : $x^4 + 64$. ২
 খ. $8p^2q^2(p^4 + q^4)$ এর মান নির্ণয় কর। ৪
 গ. (iii)নং উদ্দীপকের আলোকে দেখাও যে,


$$(a+2)^5 + \frac{1}{(a+2)^3} = 2525. \quad ৪$$

- ৩ ▶ $A = \frac{7^{m+1}}{(7^m)^{m-1}}$, $B = \frac{49^{m+1}}{(7^{m-1})^{m+1}}$
 $C = \log(x+5) + \log(x-5) - 4 \log 2 - 2 \log 3$.
 ক. 32 এর 4 ভিত্তিক লগ নির্ণয় কর। ২
 খ. দেখাও যে, $A \div B \times \sqrt{49} = \frac{1}{7}$. ৪
 গ. $C = 0$ হলে, x এর মান নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ $a = 3 \text{ cm}$, $b = 7 \text{ cm}$, $\angle x = 50^\circ$ এবং $\angle y = 60^\circ$.
 ক. 4 সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট সমবাহু ত্রিভুজের অন্তর্ভুক্ত অঙ্কন কর। ২
 খ. ত্রিভুজের ভূমি সংলগ্ন দুইটি কোণ $\angle x$ ও $\angle y$ এবং পরিসীমা $(a+b)$ হলে, ত্রিভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. a ও b যথাক্রমে ট্র্যাপিজিয়ামের দুইটি সমান্তরাল বাহু এবং বৃহত্তর বাহু সংলগ্ন দুইটি কোণ $(\angle x - 5^\circ)$ ও $(\angle y - 5^\circ)$. ট্র্যাপিজিয়ামটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

৫ ▶




চিত্রে, O বৃত্তের কেন্দ্র এবং জ্যা $XY >$ জ্যা XZ .

- ক. $OZ = 3$ সে.মি. হলে, XYZ বৃত্তের পরিধি কত সে.মি. হবে? ২
 খ. প্রমাণ কর যে, $\angle YOZ = 2\angle YXZ$. ৪
 গ. যদি $OE \perp XY$ এবং $OF \perp XZ$ হয় তবে প্রমাণ কর যে, $OE < OF$. ৪

৬ ▶ চিত্রে, O বৃত্তের কেন্দ্র এবং

BD ব্যাস, PA ও PB
 দুইটি স্পর্শক।



- ক. $AB = 6$ সে.মি. এবং $OB = 5$ সে.মি. হলে, AD এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $\angle ADC + \angle ABC = 2$ সমকোণ। ৪
 গ. প্রমাণ কর যে, OP স্পর্শক জ্যা AB এর লম্ব-দ্বিখণ্ডক। ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $X = \tan \theta$, $Y = \cot \theta$ এবং $Z = \sin \theta$.
 ক. $x = \frac{5}{12}$ হলে Z এর মান নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $\frac{X}{1-Y} + \frac{Y}{1-X} = X + Y + 1$. ৪
 গ. দেখাও যে, $(X+Z)^2 - (X-Z)^2 = 4\sqrt{X^2 - Z^2}$. ৪

৮ ▶ $U = \sin A + \cos A$ এবং $V = \sin A - \cos A$, যেখানে, A সূক্ষ্মকোণ।

- ক. $A = 60^\circ$ হলে, V এর মান নির্ণয় কর। ২
 খ. সমাধান কর : $U = \sqrt{2}$. ৪
 গ. $\frac{U}{V} = \frac{\sqrt{3}+1}{\sqrt{3}-1}$ হলে, A এর মান নির্ণয় কর। ৪

- ৯ ▶ (i) একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 10 মিটার বাড়ালে ক্ষেত্রফল $100\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়।
 (ii) 6 সে.মি., 8 সে.মি. এবং 10 সে.মি. ধারবিশিষ্ট তিনটি ধাতব ঘনককে গলিয়ে একটি নতুন ঘনক তৈরি করা হলো।
 ক. রম্বসের দুইটি কর্ণের দৈর্ঘ্য যথাক্রমে 20 সে.মি. এবং 24 সে.মি.। রম্বসের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. (i) অনুসারে সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. (ii) অনুসারে নতুন ঘনকটির কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

১০ ▶ 33টি পরিবারের মাসিক খরচের (হাজার টাকায়) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

খরচ (হাজার টাকায়)	20-24	25-29	30-34	35-39	40-44
পরিবারের সংখ্যা	5	7	11	4	6

- ক. প্রদত্ত সারণির ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২
 খ. প্রদত্ত উপাত্তের প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১১ ▶ 36 জন শিক্ষার্থীর দশম শ্রেণির গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যক্তি	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	4	6	9	7	10

- ক. প্রদত্ত সারণি হতে প্রচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ প্রদত্ত উপাত্তের অজিতরেখা অঙ্কন কর। ৪

মহানন্দ

৪৮ কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০


দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $A = \{x \in Z : x^2 \leq 9\}$
 $B = \{x \in N : x \text{ মৌলিক সংখ্যা এবং } x < 13\}$
 $C = \{x \in N : x \text{ বিজোড় সংখ্যা এবং } x < 13\}$
 $S = \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } y = 2x + 3\}$
- ক. $f(a) = \frac{2a-1}{2a+1}$ হলে, $f\left(-\frac{1}{3}\right)$ এর মান নির্ণয় কর। ২
- খ. দেখাও যে, $P(B \cap C)$ এর উপাদান সংখ্যা 2^n কে সমর্থন করে যেখানে, n হচ্ছে $(B \cap C)$ এর উপাদান সংখ্যা। ৪
- গ. অক্ষয় S কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর এবং ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। ৪
- ২ ▶ $a + b + c = m, a^2 + b^2 + c^2 = n.$
- ক. $x^4 - 3x^2 + 1$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
- খ. $a = 0, m = 4$ এবং $n = 10$ হলে, $b^5 + c^5$ এর মান নির্ণয় কর। ৪
- গ. $m = 0$ হলে, প্রমাণ কর যে, $\frac{(b+c)^2}{12bc} + \frac{(c+a)^2}{12ca} + \frac{(a+b)^2}{12ab} = \frac{1}{4}$ ৪
- ৩ ▶ $A = 2, B = 3, C = 5$ এবং $D = 7.$
- ক. সমাধান কর : $(\sqrt{7})^{5x-1} = \left(\frac{5}{\sqrt{7}}\right)^{2x-3}$ ২
- খ. $\frac{(A)^{2x+1} \cdot (B)^{2x+y} \cdot (C)^{x+y} \cdot (AB)^x}{(B)^{x-2} \cdot (AB)^{2x+2} \cdot (AC)^x \cdot (BC)^y}$ এর মান নির্ণয় কর। ৪
- গ. প্রমাণ কর যে, $D \log \frac{AC}{B^2} - A \log \frac{C^2}{A^2B} + B \log \frac{B^4}{A^4C} = -\log 2.$ ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ চিত্রে, PQRS চতুর্ভুজটি বৃত্তে অন্তর্লিখিত যার কেন্দ্র O।



- ক. বৃত্তটির ব্যাস ৪.৪ সে.মি. হলে বৃত্তটির পরিধি নির্ণয় কর। ২
- খ. প্রমাণ কর যে, $2\angle QPS = \angle QOS.$ ৪
- গ. PR এবং QS কর্ণদ্বয় পরস্পরকে M বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $\angle POQ + \angle ROS = 2\angle PMQ.$ ৪
- ৫ ▶ DEFG চতুর্ভুজের বিপরীত কোণদ্বয় পরস্পর সম্পূরক।
- ক. প্রমাণ কর যে, অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ। ২
- খ. প্রমাণ কর যে, D, E, F ও G বিন্দু চারটি সমবৃত্ত। ৪
- গ. DF রেখা যদি $\angle EDG$ এর সমদ্বিখণ্ডক হয়, তবে প্রমাণ কর যে, $EF = FG.$ ৪
- ৬ ▶ একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে $a = b = 5$ সে.মি., $c = 6$ সে.মি. এবং একটি বৃত্তের ব্যাসার্ধ ৪.৫ সে.মি.।
- ক. ৩.৫ সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ অঙ্কন কর। ২
- খ. উদ্দীপকের আলোকে ত্রিভুজটি আঁক এবং ত্রিভুজটির অন্তঃবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- গ. উদ্দীপকের তথ্য অনুসারে বৃত্তটি অঙ্কন কর এবং উক্ত বৃত্তে এমন দুইটি স্পর্শক অঙ্কন কর যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 50° হয়। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ (i) চিত্রে, $\angle EDF = 5x + 2y$
 এবং $\angle DFE = x + 4y$
 (ii) $p = \cot \theta$ এবং $q = \cos \theta.$
-
- ক. $\cos(\alpha + 30^\circ) = 0$ হলে, $\sin \frac{\alpha}{2}$ এর মান কত? ২
- খ. x ও y এর মান নির্ণয় কর। ৪
- গ. $p + q = a, p - q = b$ হলে, প্রমাণ কর যে, $\frac{1}{16}(a^2 - b^2)^2 = ab.$ ৪
- ৮ ▶ একটি সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ২০ সে.মি. ও ১৫ সে.মি. এবং ক্ষুদ্রতর কর্ণের দৈর্ঘ্য ১৬ সে.মি.। আবার, একটি লোহার পাইপের বাইরের ব্যাস ৪ সে.মি. এবং ভিতরের ব্যাস ৬ সে.মি. এবং পাইপটির উচ্চতা ১০ মিটার। ১ ঘন সে.মি. পাইপের লোহার ওজন ৭.২ গ্রাম।
- ক. একটি বৃত্তের ব্যাস ও পরিধির পার্থক্য ২৫ সে.মি. হলে বৃত্তটির ব্যাসার্ধ নির্ণয় কর। ২
- খ. সামান্তরিকটির অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- গ. পাইপটির লোহার ওজন নির্ণয় কর। ৪
- ৯ ▶ $p = \tan \beta, q = \cot \beta$ এবং $r = \sec \theta - \tan \theta.$
- ক. $A = 30^\circ$ হলে, প্রমাণ কর যে, $\cos 2A = \frac{1 - \tan^2 A}{1 + \tan^2 A}.$ ২
- খ. প্রমাণ কর যে, $\frac{p}{1-q} + \frac{q}{1-p} = \sec \beta \operatorname{cosec} \beta + 1.$ ৪
- গ. $r = \frac{1}{a}$ হলে, প্রমাণ কর যে, $\cot \theta = \frac{2a}{a^2 - 1}.$ ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ কোনো বিদ্যালয়ের ৯ম শ্রেণির ৫৬ জন শিক্ষার্থীর বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণি ব্যবধান	27-36	37-46	47-56	57-66	67-76	77-86	87-96
গণসংখ্যা	7	10	13	9	5	8	4

- ক. উদ্দীপকের আলোকে প্রচুরক শ্রেণি থেকে $(f_1 + f_2)$ নির্ণয় কর। ২
- খ. প্রদত্ত সারণির মধ্যক নির্ণয় কর। ৪
- গ. সংক্ষিপ্ত বিবরণসহ প্রদত্ত সারণির গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪
- ১১ ▶ একটি বিদ্যালয়ের ১০ম শ্রেণির ৪৫ জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :
- | | | | | | | | | |
|----|----|----|----|----|----|----|----|----|
| 46 | 30 | 75 | 89 | 48 | 34 | 75 | 82 | 67 |
| 62 | 76 | 65 | 79 | 64 | 68 | 56 | 73 | 83 |
| 57 | 55 | 92 | 45 | 77 | 87 | 78 | 64 | 85 |
| 53 | 63 | 39 | 48 | 52 | 37 | 79 | 83 | 65 |
| 53 | 87 | 65 | 73 | 49 | 58 | 40 | 65 | 90 |
- ক. 23, 29, 18, 15, 39, 27, 22, 31, 24 উপাত্তগুলোর মধ্যক নির্ণয় কর। ২
- খ. শ্রেণি ব্যবধান ১০ ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
- গ. সংক্ষিপ্ত বিবরণসহ প্রদত্ত উপাত্তের অজিভরেখা অঙ্কন কর। ৪

কর্ণফুলী

৪৯ চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ সার্বিক সেট $U = \{2, 3, 4, 5, 6, 7, 8\}$ এর দুটি উপসেট $A = \{x \in N : 2 < x < 7\}$ ও $B = \{2, 4, 6, 8\}$ এবং $S = \{(a, b) : a \in B, b \in B \text{ এবং } b = a + 2\}$ একটি অন্তর।
ক. $(m + n, n) = (7, 5)$ হলে, (m, n) নির্ণয় কর। ২
খ. $C = A'$ হলে, $P(C)$ নির্ণয় করে দেখাও যে, $P(C)$ এর উপাদান সংখ্যা 2^n কে সমর্থন করে। ৪
গ. S অন্তরটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করে তার ডোমেন নির্ণয় কর। ৪

- ২ ▶ $x = \frac{\sqrt{5} + \sqrt{2}}{3}$, $y = \sqrt{5} - \sqrt{2}$.
ক. $(2a - b)^3 - 27$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
খ. $3xy(9x^2 + y^2)$ এর মান নির্ণয় কর। ৪
গ. প্রমাণ কর যে, $\frac{27}{y^3} - y^3 = 34\sqrt{2}$. ৪


- ৩ ▶ $5 + 7 + 9 + 11 + \dots$ ধারাটির প্রথম n সংখ্যক পদের সমষ্টি 165 এবং একটি গুণোত্তর ধারার ৩য় পদ $\frac{1}{\sqrt{3}}$ এবং দশম পদ $\frac{1}{81}$ ।
ক. $1^3 + 2^3 + 3^3 + \dots + 15^3$ ধারাটির সমষ্টি নির্ণয় কর। ২
খ. n -এর মান নির্ণয় কর। ৪
গ. গুণোত্তর ধারাটি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ $a = 5$ সে.মি., $b = 7$ সে.মি., $\angle x = 70^\circ$ ও $\angle y = 60^\circ$.
ক. 3 সে.মি. বাহুবিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর। ২
খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ একটি ত্রিভুজ অঙ্কন কর যার ভূমি a , ভূমি সংলগ্ন একটি কোণ $\angle y$ এবং অপর দুই বাহুর সমষ্টি b । ৪
গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ একটি ট্র্যাপিজিয়াম অঙ্কন কর যার সমান্তরাল বাহুদ্বয় a ও b এবং b বাহু সংলগ্ন দুইটি কোণ $\angle x$ ও $\angle y$. ৪

- ৫ ▶ $a = 4$ সে.মি., $b = 4.5$ সে.মি. ও $c = 5.5$ সে.মি.। a ও b ব্যাসার্ধবিশিষ্ট দুটি বৃত্তের কেন্দ্র যথাক্রমে M ও N .
ক. DEF একটি বৃত্তচাপ হলে, এর কেন্দ্র নির্ণয় কর। ২
খ. M ও N কেন্দ্রবিশিষ্ট বৃত্তদ্বয় পরস্পরকে P বিন্দুতে বহিঃস্পর্শ করলে, প্রমাণ কর যে, M, P ও N বিন্দু তিনটি একটি সরলরেখায় অবস্থিত। ৪
গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a, b ও c বাহুবিশিষ্ট একটি ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। ৪

৬ ▶



- চিত্রে, CDE বৃত্তের কেন্দ্র M এবং $CD = CE$.
ক. $PQRS$ একটি বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ এবং $\angle PQR = 2\angle PSR$ হলে, $\angle PQR$ এর মান নির্ণয় কর। ২
খ. প্রমাণ কর যে, $\angle DCE = \frac{1}{2} \angle DME$. ৪
গ. প্রমাণ কর যে, CD ও CE জ্যাদ্বয় কেন্দ্র হতে সমদূরবর্তী। ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $\frac{\tan \theta}{\sec \theta + 1} = m$, $\frac{\sec \theta - 1}{\tan \theta} = n$ এবং $\frac{\sin \theta}{1 + \cos \theta} = p$.
ক. $\theta = 45^\circ$ হলে, দেখাও যে, $m = \sqrt{2} - 1$. ২
খ. প্রমাণ কর যে, $m + n = 2p$. ৪
গ. $m = \frac{1}{\sqrt{3}}$ হলে, θ এর মান নির্ণয় কর (θ সূক্ষ্মকোণ বিবেচ্য)। ৪

- ৮ ▶ $\cot \theta + \cos \theta = a$, $\cot \theta - \cos \theta = b$.
ক. $\sin A = \frac{4}{5}$ হলে, $\tan A$ -এর মান নির্ণয় কর যখন A সূক্ষ্মকোণ। ২
খ. $b = \sqrt{2} \cos \theta$ হলে, প্রমাণ কর যে, $a = \sqrt{2} \cot \theta$. ৪
গ. $\frac{a}{b} = \frac{2 + \sqrt{3}}{2 - \sqrt{3}}$ হলে, θ এর মান নির্ণয় কর। (θ সূক্ষ্মকোণ বিবেচ্য)। ৪

- ৯ ▶ একটি বৃত্তের ব্যাসার্ধ 5 সে.মি.। একটি সমবৃত্তভূমিক সিলিন্ডারের আয়তন 150π ঘন সে.মি. এবং সিলিন্ডারটির ভূমির ব্যাসার্ধ ঐ বৃত্তটির ব্যাসার্ধের সমান।
ক. একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 12 সে.মি. হলে, এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২
খ. সিলিন্ডারটির বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
গ. উল্লিখিত বৃত্তটির ক্ষেত্রফল ও ঐ বৃত্তে অন্তর্লিখিত বর্গের ক্ষেত্রফলের পার্থক্য নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ কোনো স্কুলের দশম শ্রেণির 60 জন শিক্ষার্থীর স্কুলে যাতায়াত বাবদ প্রতিদিনের খরচের গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি (টাকায়)	35-39	40-44	45-49	50-54	55-59	60-64
গণসংখ্যা	9	13	20	7	6	5

- ক. সারণি হতে মধ্যক শ্রেণি নির্ণয় কর। ২
খ. প্রদত্ত উদ্দীপক থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে উপাত্তের গড় নির্ণয় কর। ৪
গ. প্রদত্ত সারণি থেকে বিবরণসহ উপাত্তের অজিভ রেখা অঙ্কন কর। ৪

- ১১ ▶ নিম্নে দশম শ্রেণির 42 জন ছাত্রের গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি (নম্বর)	30-34	35-39	40-44	45-49	50-54
গণসংখ্যা	6	9	13	8	6

- ক. উপাত্তের সর্বনিম্ন সংখ্যা 27, পরিসর 63 হলে, সর্বোচ্চ সংখ্যা নির্ণয় কর। ২
খ. উপাত্তের প্রচুরক নির্ণয় কর। ৪
গ. বিবরণসহ উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

আত্রাই

৫০ সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০


দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $U = \{x \in \mathbb{N} : x \text{ মৌলিক সংখ্যা এবং } x \leq 7\}$,
 $A = \{x \in \mathbb{N} : x^2 - 3x + 2 = 0\}$ এবং $f(y) = \frac{7y-1}{y^2}$.
 ক. $b^2 - 1 + 2c - c^2$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
 খ. $P(A')$ নির্ণয় কর। ৪
 গ. $f(a) = 1$ হলে, প্রমাণ কর যে, $a^4 = 2207 - \frac{1}{a^4}$. ৪
- ২ ▶ $P = \frac{(49)^{x+1}}{7^{(x+2)(x-1)}}$, $x \in \mathbb{N}$,
 $Q = \log_{10}x + \log_{10}(x-9)$.
 ক. $5^{2x+1} = (125)^{x-3}$ হলে, x এর মান নির্ণয় কর। ২
 খ. $P = 1$ হলে, দেখাও যে, $x = \frac{1+\sqrt{17}}{2}$. ৪
 গ. $Q = 1$ হলে, x এর মান নির্ণয় কর। ৪
- ৩ ▶ (i) কোনো সমান্তর ধারার x তম পদ y এবং y তম পদ x ;
 (ii) একটি গুণোত্তর ধারার ২য় পদ -1 , ৪র্থ পদ -1 ; ($r < 1$).
 ক. $1^3 + 2^3 + 3^3 + \dots + 10^3$ এর মান সূত্রের সাহায্যে নির্ণয় কর। ২
 খ. (i) এ $x = 10$, $y = 16$ হলে ১ম ২৬টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪
 গ. (ii) এ বর্ণিত ধারাটি নির্ণয় করে $(2n-1)$ সংখ্যক পদের সমষ্টি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ দুইটি রেখাংশ যথাক্রমে $a = 4$ সে.মি., $b = 6$ সে.মি. এবং $\angle x = 30^\circ$.
 ক. একটি বৃত্তের পরিধি ৬০ সে.মি. হলে, এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. ত্রিভুজের ভূমি a , অপর দুই বাহুর অন্তর $\frac{b}{2}$ এবং ভূমি সংলগ্ন কোণ x ; ত্রিভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. সামান্তরিকের কর্ণদ্বয় a , b এবং তাদের অন্তর্ভুক্ত কোণ $\angle x$; সামান্তরিকটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪



চিহ্নে C বৃত্তের কেন্দ্র।


- ক. প্রমাণ কর যে, অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ। ২
 খ. $PQ = MN$ হলে প্রমাণ কর যে, $AC = BC$ । ৪
 গ. বৃত্তের বহিঃস্থ বিন্দু E হতে দুইটি স্পর্শক PE ও ME; প্রমাণ কর যে, $PE = ME$ । ৪

- ৬ ▶ সমকোণী ত্রিভুজ BCD এর $BC = 5$ সে.মি. এবং BC ও CD বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ 45° ।

- ক. 16 সে.মি. পরিসীমাবিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর। ২
 খ. BC ব্যাসবিশিষ্ট বৃত্তের কেন্দ্র হতে 7 সে.মি. দূরে বহিঃস্থ বিন্দু F হতে দুইটি স্পর্শক অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. ΔBCD এর অন্তঃবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $\tan(p+q) = \sqrt{3}$, $\sin(p-q) = 0$; p, q সূক্ষ্মকোণ।
 $x = \cot \theta$, $y = \cos \theta$.
 ক. $\cos(90^\circ - \theta) = \frac{5}{3}$ হলে, $\operatorname{cosec} \theta$ এর মান নির্ণয় কর। ২
 খ. $\cot^2 p - \cos^2 q$ এর মান নির্ণয় কর। ৪
 গ. $x^4 - x^2 = 1$ হলে প্রমাণ কর যে, $y^4 + y^2 = 1$. ৪
- ৮ ▶ $\operatorname{cosec} \theta = M$, $\cot \theta = N$, $\sec \alpha = y$; θ, α সূক্ষ্মকোণ।
 ক. $y = \sqrt{\left(\frac{3}{4}\right)^{-1}}$ হলে α এর মান নির্ণয় কর। ২
 খ. $M + N = a$ হলে, প্রমাণ কর যে, $\cos \theta = \frac{a^2 - 1}{a^2 + 1}$. ৪
 গ. $3M^2 - 2\sqrt{3}N = 2$ হলে, $\left(\sin^2 \theta + \frac{1}{4}\right)$ এর মান নির্ণয় কর। ৪



- ক. একটি ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল 1014 বর্গমিটার হলে, এর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. ABCD বেলনের সমগ্রতলের ক্ষেত্র নির্ণয় কর। ৪
 গ. ΔAOB এর সমান ক্ষেত্রফলবিশিষ্ট বৃত্তের পরিধি নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ ৩০ জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
 60, 51, 61, 58, 53, 48, 52, 73, 51, 57, 64, 52, 49, 56, 48,
 67, 70, 59, 68, 54, 46, 67, 56, 54, 45, 50, 72, 69, 63, 55.
 ক. শ্রেণিব্যাপ্তি 5 ধরে শ্রেণিসংখ্যা নির্ণয় কর। ২
 খ. সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. সারণি হতে বিবরণসহ অজিভ রেখা অঙ্কন কর। ৪

- ১১ ▶ ৯ম শ্রেণির 50 জন শিক্ষার্থীর ওজনের সারণি নিম্নরূপ :

ওজন (কেজি)	31-40	41-50	51-60	61-70	71-80	81-90
শিক্ষার্থীর সংখ্যা	6	8	13	10	8	5

- ক. ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২
 খ. সারণি হতে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ সারণি হতে গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

ভৈরব

৫১ বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০


দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $A = \{x \in Z : x^2 < 9\}$
 $B = \{x \in N : x \text{ মৌলিক সংখ্যা এবং } 1 < x \leq 5\}$
 $S = \{(x, y) : x \in A, y \in B \text{ এবং } y - x = 1\}$
 $f(x) = \frac{4x+1}{4x-1}$
 ক. $M = \{12, 15\}$, $N = \{15, a\}$ হলে, $P(M \cap N)$ নির্ণয় কর। ২
 খ. S অন্তর্ভুক্ত তালিকা পদ্ধতিতে প্রকাশ করে এর রেঞ্জ নির্ণয় কর। ৪
 গ. $\frac{f(x+2)-1}{f(x-2)-1} = -1$ হলে, x এর মান নির্ণয় কর। ৪
- ২ ▶ $x^8 - 2x^4 + 1 = 0$, $x > 0$
 $A = p + q$ এবং $B = p^2 - q^2$
 ক. উৎপাদকে বিশ্লেষণ কর : $y^4 - 79y^2 + 1$ । ২
 খ. $\frac{3}{2} \left(x^3 + \frac{1}{x^3} \right)$ এর মান নির্ণয় কর। ৪
 গ. $A = \sqrt{7}$, $B = \sqrt{35}$ হলে, প্রমাণ কর যে,
 $\frac{1}{3} (p^3q + pq^3) = 1$ । ৪
- ৩ ▶ (i) $3 + 6 + 12 + \dots$ ধারাটির প্রথম t সংখ্যক পদের সমষ্টি 1533.
 (ii) একটি সমান্তর ধারার p তম পদ q^2 এবং q তম পদ p^2 .
 ক. $7 + 10 + 13 + 16 + \dots$ ধারাটির কোন পদ 160 তা নির্ণয় কর। ২
 খ. t এর মান নির্ণয় কর। ৪
 গ. সমান্তর ধারাটির $(p-1 + q)$ তম পদ নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ চিত্রে PQRS বৃত্তের কেন্দ্র O এবং $OM = ON$.



- ক. প্রমাণ কর যে, বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা। ২
 খ. প্রমাণ কর যে, $PQ = PS$ । ৪
 গ. প্রমাণ কর যে, $\angle QPS + \angle QRS = 180^\circ$ । ৪
- ৫ ▶ (i) O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু R থেকে ঐ বৃত্তে RL ও RK দুইটি স্পর্শক।
 (ii) O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তে MNTS একটি অন্তর্লিখিত চতুর্ভুজ। MT ও NS কর্ণদ্বয় পরস্পরকে P বিন্দুতে ছেদ করে।
 ক. প্রমাণ কর যে, অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ। ২
 খ. প্রমাণ কর যে, $RL = RK$ । ৪
 গ. প্রমাণ কর যে, $\angle MON + \angle TOS = 2\angle MPN$ । ৪

- ৬ ▶ (i) একটি ত্রিভুজের ভূমি $a = 6$ সে.মি., ভূমি সংলগ্ন একটি কোণ $\angle x = 30^\circ$, অপর দুই বাহুর অন্তর $d = 2$ সে.মি।
 (ii) ΔABC এর $AB = 5$ সে.মি., $BC = 6$ সে.মি. এবং $AC = 4$ সে.মি।
 ক. একটি বৃত্তের ব্যাসার্ধ 3.5 সে.মি., বৃত্তটির কোনো বিন্দুতে একটি স্পর্শক আঁক। (অঙ্কনের চিহ্ন আবশ্যিক) ২
 খ. (i)নং তথ্যের আলোকে ত্রিভুজটি আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. (ii)নং তথ্যের আলোকে ত্রিভুজটির পরিবৃত্ত আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $p = \cos A$, $q = \sin A$
 ক. $\tan x = \cot y = \sqrt{3}$ হলে, $\cos(x+y)$ এর মান নির্ণয় কর। ২
 খ. $p^2 + p^4 = 1$ হলে, প্রমাণ কর যে, $\left(\frac{p}{q}\right)^4 - \left(\frac{p}{q}\right)^2 = 1$ । ৪
 গ. $p - q = \sqrt{5}q$ হলে, প্রমাণ কর যে, $4q + p = \sqrt{5}p$ । ৪
- ৮ ▶ $M = \cot \theta$, $N = \cos \theta$; যেখানে θ সূক্ষ্মকোণ, $A > 0$.
 ক. $\cos A = \frac{1}{3}$ হলে, $\cot A$ এর মান নির্ণয় কর। ২
 খ. $4N^2 - (2 + 2\sqrt{3})N + \sqrt{3} = 0$ হলে, θ এর মান নির্ণয় কর। ৪
 গ. $(M + N)(2 - \sqrt{3}) = (M - N)(2 + \sqrt{3})$ হলে, $2 \sin \frac{\theta}{2}$ এর মান নির্ণয় কর। ৪
- ৯ ▶ (i) একটি রম্বসের পরিসীমা 180 সে.মি। এর বৃহত্তম কর্ণের দৈর্ঘ্য 72 সে.মি।
 (ii) একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 1 মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $4\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়।
 ক. একটি চাকা 100π সে.মি. পথ যেতে 10 বার ঘুরবে। চাকাটির ব্যাসার্ধ নির্ণয় কর। ২
 খ. রম্বসটির ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. সমবাহু ত্রিভুজটির পরিসীমা নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ দশম শ্রেণির 40 জন শিক্ষার্থীর জীববিজ্ঞান বিষয়ের প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	34-43	44-53	54-63	64-73	74-83	84-93
গণসংখ্যা	6	8	5	9	5	7

- ক. প্রচুরক শ্রেণির পূর্বের শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ প্রদত্ত উপাত্তের অজিত রেখা অঙ্কন কর। ৪
- ১১ ▶ দশম শ্রেণির 60 জন শিক্ষার্থীর রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	26-35	36-45	46-55	56-65	66-75	76-85	86-95
গণসংখ্যা	5	10	12	16	8	5	4

- ক. 19, 21, 26, 13, 11, 27, x, 29 সংখ্যাগুলোর গড় 16.5 হলে x এর মান নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত উপাত্ত হতে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

নীলনদ

৫২ ✓ দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০


দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $A = \{x : x, 3 \text{ এর গুণিতক এবং } x \leq 6\}$,
 $B = \{1, 2, 3\}$ এবং $C = \{4, 5, 7\}$ হলো
 সার্বিক সেট $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$ এর তিনটি উপসেট এবং
 $S = \{(a, b) : a \in A, b \in B \text{ এবং } b = a - 1\}$ একটি অস্বয়।
 ক. $f(y) = 3ky - 6$ হলে, k এর কোন মানের জন্য $f(1) = 0$
 হবে তা নির্ণয় কর। ২
 খ. দেখাও যে, $(B \cup C)' = B' \cap C'$ । ৪
 গ. S অস্বয়কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ৪
- ২ ▶ $y = \sqrt{5} - 2$ এবং $x + y = 2\sqrt{5}$.
 ক. উৎপাদকে বিশ্লেষণ কর : $2 - 5x - 12x^2$. ২
 খ. $\frac{1}{y} - y^3$ এর মান নির্ণয় কর। ৪
 গ. প্রমাণ কর যে, $xy(x^2 + y^2) = 18$. ৪
- ৩ ▶ কোনো সমান্তর ধারার সাধারণ অন্তর ২ এবং ধারাটির প্রথম
 10টি পদের সমষ্টি 120 এবং একটি গুণোত্তর ধারার প্রথম পদ
 5 ও চতুর্থ পদ 625।
 ক. $1^3 + 2^3 + 3^3 + \dots + 10^3$ ধারাটির সমষ্টি নির্ণয় কর। ২
 খ. সমান্তর ধারাটির 15 তম পদ নির্ণয় কর। ৪
 গ. গুণোত্তর ধারাটির প্রথম 7টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ $p = 4$ সে.মি., $q = 6$ সে.মি., $\angle x = 45^\circ$
 ক. 2.5 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট ABC বৃত্তের B বিন্দুতে একটি
 স্পর্শক অঙ্কন কর। ২
 খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ একটি ত্রিভুজ অঙ্কন কর, যার
 ভূমি p , অপর দুই বাহুর অন্তর $(q - p)$ এবং ভূমি সংলগ্ন
 একটি কোণ $\angle x$ । ৪
 গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ এমন একটি সামান্তরিক অঙ্কন
 কর, যার দুইটি কর্ণ p ও q এবং এদের অন্তর্ভুক্ত কোণ
 $\angle x$ এর সমান। ৪
- ৫ ▶ চিত্রে, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে
 PQRS একটি অন্তর্লিখিত
 চতুর্ভুজ যার $PQ = QR$.



- ক. 5 সে.মি. ও 6 সে.মি. ব্যাসবিশিষ্ট দুইটি বৃত্ত পরস্পরকে
 অন্তঃস্পর্শ করলে, তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব
 নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, PQ ও QR জ্যা দ্বয় বৃত্তটির কেন্দ্র হতে
 সমদূরবর্তী। ৪
 গ. প্রমাণ কর যে, $\angle PQR$ ও এর বিপরীত কোণ $\angle PSR$ -এর
 সমষ্টি দুই সমকোণ। ৪

- ৬ ▶ একটি রেখাংশের দৈর্ঘ্য $a = 3.5$ সে.মি.। a এর সমান
 ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্তের কেন্দ্র C এবং বৃত্তটির বহিঃস্থ A বিন্দু
 হতে এর P ও Q বিন্দুতে যথাক্রমে AP ও AQ দুইটি স্পর্শক।
 ক. যেকোনো বৃত্তচাপ DEF এর কেন্দ্র নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $AP = AQ$. ৪
 গ. a এর সমান বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত
 অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $p = \frac{\cos \theta}{1 - \sin \theta}$, $q = \frac{1 - \sin \theta}{\cos \theta}$ এবং $r = \sec \theta$
 ক. $\tan A = x$ হলে, $\sec^2 A$ এর মান নির্ণয় কর। ২
 খ. দেখাও যে, $p + q = 2r$. ৪
 গ. $q = 1$ হলে, θ এর মান নির্ণয় কর, যখন $0^\circ \leq \theta \leq 90^\circ$. ৪
- ৮ ▶ $m \sin A = n \cos A$ এবং $\operatorname{cosec}(A - B) = 2$, যেখানে A এবং
 B সূক্ষ্মকোণ।
 ক. দেখাও যে, $\sin 2\theta = 2 \sin \theta \cdot \cos \theta$, যখন $\theta = 30^\circ$. ২
 খ. প্রমাণ কর যে, $\frac{\sec^2 A + \operatorname{cosec}^2 A}{\sec^2 A - \operatorname{cosec}^2 A} = \frac{n^2 + m^2}{n^2 - m^2}$. ($m \neq n$). ৪
 গ. $m = n = 1$ হলে, B-এর মান নির্ণয় কর। ৪
- ৯ ▶ লোহার তৈরি একটি নিরেট ঘনকাকৃতির বস্তুর আয়তন 343 ঘন
 সে.মি.। বস্তুটিকে গলিয়ে একটি বেলনাকার ফাঁপা পাইপে
 পরিণত করা হলো। ফাঁপা পাইপটির ভিতরের ও বাইরের ব্যাস
 যথাক্রমে 6 সে.মি. ও 9 সে.মি.।
 ক. সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $4\sqrt{3}$ বর্গ সে.মি. হলে, এর
 বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. ঘনকাকৃতির বস্তুর একটি পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. ফাঁপা পাইপটির উচ্চতা নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ দশম শ্রেণির 52 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা
 সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	33-37	38-42	43-47	48-52	53-57	58-62
গণসংখ্যা	6	8	15	11	7	5

- ক. মধ্যক শ্রেণি নির্ণয় কর। ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে উপাত্তের গড় নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

- ১১ ▶ নবম শ্রেণির 40 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা
 নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	5	7	10	8	6	4

- ক. প্রচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
 খ. উপাত্তের মধ্যক নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ উপাত্তের অজিত রেখা অঙ্কন কর। ৪

তিত্তা

৫৩ ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।


ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $A = \{2, 3, 5, 7\}$, $B = \{0, 1, 2, 3, 5\}$ এবং
 $R = \{(x, y) : x \in A, y \in B \text{ এবং } y = x - 2\}$
 ক. যদি $f(x) = x^3 + Px^2 - 5x - 7$ হয়, তবে P এর কোন মানের জন্য $f(-1) = 0$ হবে? ২
 খ. $P(A \cap B)$, নির্ণয় করে দেখাও যে, $P(A \cap B)$ এর উপাদান সংখ্যা 2^n কে সমর্থন করে, যেখানে n হলো $(A \cap B)$ এর উপাদান সংখ্যা। ৪
 গ. R অঙ্কটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করে ডোমেন নির্ণয় কর। ৪
- ২ ▶ $m + n = \sqrt{6}$, $m - n = \sqrt{5}$ এবং $x = \sqrt{5} + 2$.
 ক. উৎপাদকে বিশ্লেষণ কর : $p^3 + 3p + 36$. ২
 খ. $24mn(m^2 + n^2)$ এর মান নির্ণয় কর। ৪
 গ. প্রমাণ কর যে, $x^5 + \frac{1}{x^5} = 610\sqrt{5}$. ৪
- ৩ ▶ $M = 5^{x+1}$, $N = 5^{x-1}$ এবং $R = \frac{\log\sqrt{27} - \log 8 + \log\sqrt{512}}{\log\frac{15}{10}}$.


- ক. $\sqrt{p^3}$ এর 7 ভিত্তিক লগ নির্ণয় কর যখন $P = 7$. ২
 খ. $\frac{M}{N^x} \div \frac{M^2}{N^{x+1}}$ এর মান নির্ণয় কর। ৪
 গ. প্রমাণ কর যে, $2R - 3 = 0$. ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ $p = 12$ সে.মি., $q = 5$ সে.মি., $r = 2$ সে.মি., $\angle X = 50^\circ$ এবং $\angle Y = 65^\circ$.
 ক. p কে পরিসীমা ধরে একটি সমবাহু ত্রিভুজ আঁক। ২
 খ. এমন একটি ত্রিভুজ আঁক যার ভূমি q এবং ভূমি সংলগ্ন কোণ $\angle X$, অপর দুই বাহুর অন্তর r। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. কোনো সামান্তরিকের কর্ণদ্বয় $(p - 5)$ সে.মি. ও q সে.মি. এবং তাদের অন্তর্ভুক্ত কোণ $\angle Y$, সামান্তরিকটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪


- ৫ ▶  চিত্রে, O বৃত্তের কেন্দ্র এবং $AD \parallel BC$.


- ক. বৃত্তটির পরিধি 12π হলে, ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $AB = CD$ । ৪
 গ. যদি $\angle ADB + \angle BDC = 90^\circ$ হয়, প্রমাণ কর যে, A, O এবং C একই সরলরেখায় অবস্থিত। ৪

- ৬ ▶  চিত্রে বৃত্তের কেন্দ্র O.

- ক. প্রমাণ কর যে, বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা। ২
 খ. বৃত্তটির বহিঃস্থ একটি বিন্দু S হতে PS এবং RS দুইটি স্পর্শক হলে, প্রমাণ কর যে, $PS = RS$. ৪
 গ. প্রমাণ কর যে, $\angle QPT + \angle QRT = 180^\circ$. ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ (i) 
 (ii) $\sin \beta + \sin \beta \cdot \cot \beta = P$.
 ক. $\sec(A + 30^\circ) = \sqrt{2}$ হলে, A এর মান নির্ণয় কর। ২
 খ. $x = \sqrt{3}$ এবং $y = 2$ হলে, প্রমাণ কর যে, $\sqrt{3} \sin R \cdot \cos R = \frac{3}{4}$ । ৪
 গ. $P = 1$ হলে, β এর মান নির্ণয় কর, যেখানে $0^\circ \leq \beta \leq 90^\circ$ । ৪

- ৮ ▶ 

ABCD ট্রাপিজিয়াম এবং $AB \parallel CD$.

- ক. একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $16\sqrt{3}$ বর্গ সে.মি. হলে এর বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. ΔPQR এর পরিসীমা 160 সে.মি. হলে, এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. ABCD এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
- ৯ ▶ একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত যথাক্রমে 12 : 4 : 3 এবং কর্ণের দৈর্ঘ্য 26 মিটার। একটি রম্বস আকৃতির বাগানের একটি কর্ণের দৈর্ঘ্য ঘনবস্তুর কর্ণের সমান এবং বাগানের একটি বাহুর দৈর্ঘ্য 15 মিটার।
 ক. কোনো ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 9 সে.মি. ও 10 সে.মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ 30° হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. প্রতি বর্গমিটার 5 টাকা হিসেবে বাগানটিতে ঘাস লাগাতে মোট কত টাকা খরচ হবে? ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ দশম শ্রেণির 50 জন শিক্ষার্থীর উচ্চতা (সে.মি.) এর গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

উচ্চতা (সে.মি.)	145-149	150-154	155-159	160-164	165-169	170-174
গণসংখ্যা	5	10	15	12	6	2

- ক. প্রচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
 খ. সারণি থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ গণসংখ্যা সারণি থেকে প্রদত্ত উপাত্তের অর্জিত রেখা অঙ্কন কর। ৪

- ১১ ▶ কোনো বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার ৯ম শ্রেণির 30 জন শিক্ষার্থীর বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :
 75, 70, 55, 52, 37, 61, 42, 70, 95, 82, 45, 66, 53, 70, 47, 62, 70, 55, 85, 72, 63, 78, 60, 65, 57, 73, 87, 50, 64, 74.
 ক. প্রদত্ত উপাত্ত থেকে প্রচুরক নির্ণয় কর। ২
 খ. শ্রেণিব্যাঙ্কি 10 ধরে গণসংখ্যা সারণি তৈরি করে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। (বিবরণসহ) ৪

উর্মি : সেট-০৪

৫৪ ✓ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 109

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

বীজগণিত


- ১ ▶ সার্বিক সেট $U = \{x : x \in N \text{ এবং } 1 \leq x < 8\}$
 $A = \{x \in N : x \text{ মৌলিক সংখ্যা এবং } x \leq 9\}$
 $B = \{3, 4, 5, 6\}$ এবং
 $R = \{(x, y) : x \in B, y \in B \text{ এবং } x = y - 1\}$
- ক. যদি $f(t) = \frac{t^4 + t^2 + 1}{t^2}$ হয়, তবে $f\left(-\frac{1}{3}\right)$ এর মান নির্ণয় কর। ২
- খ. R অন্তর্ভুক্তিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করে তার রেঞ্জ নির্ণয় কর। ৪
- গ. $P(B' - A')$ নির্ণয় কর। ৪

- ২ ▶ দুইটি বীজগণিতীয় সমীকরণ $x^6 + 1 = 18\sqrt{3}x^3$
এবং $p^2 = 7 + 4\sqrt{3}$.
ক. $y^2 + 2z - 1 - z^2$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
খ. প্রমাণ কর যে, $x = \sqrt{3} + \sqrt{2}$. ৪
গ. $\frac{p^6 - 1}{p^3}$ এর মান নির্ণয় কর। ৪

- ৩ ▶ $Q = \log_{10} x + \log_{10} (x - 3)$
এবং $N = \frac{7^{m+1}}{(7^m)^{m-1}} \div \frac{(49)^{m+1}}{(7^{m-1})^{m+1}} \times \sqrt[3]{7^9}$
ক. $4^{2p-1} = 512$ হলে, p এর মান নির্ণয় কর। ২
খ. $Q = 1$ হলে, x এর মান নির্ণয় কর। ৪
গ. প্রমাণ কর যে, $N = 7$. ৪

জ্যামিতি

- ৪ ▶ O কেন্দ্রবিশিষ্ট PQRS বৃত্তে QS চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ $\angle QPS$ এবং কেন্দ্রস্থ $\angle QOS$.
ক. $OS = 7$ সে.মি. হলে, বৃত্তটির পরিধি নির্ণয় কর। ২
খ. প্রমাণ কর যে, $\angle QOS = 2\angle QPS$. ৪
গ. প্রমাণ কর যে, $\angle PRQ = \angle PSQ$. ৪



- O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে জ্যা $AB = y$ সে.মি. এবং $OM \perp AB$.
ক. $\angle BOC$ এর পরিমাণ কত ডিগ্রী? ২
খ. $OM = \left(\frac{y}{2} - 2\right)$ সে.মি. হলে, y-এর মান নির্ণয় কর। ৪
গ. বহিঃস্থ একটি বিন্দু T থেকে C বিন্দুতে স্পর্শক আঁক। ৪

- ৬ ▶ ΔMNP এর ভূমি $NP = 7$ সে.মি., অপর দুই বাহুর অন্তর 2:5 সে.মি. এবং ভূমি সংলগ্ন কোণ 45° .
ক. কোনো ত্রিভুজের সন্নিহিত দুইটি বাহুর দৈর্ঘ্য 5 সে.মি. ও 12 সে.মি.। বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ 30° হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২
খ. চিহ্ন ও বিবরণসহ ΔMNP অঙ্কন কর। ৪
গ. ত্রিভুজটির বহির্ভুক্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $a = \cos \theta$ এবং $b = \cot \theta$.
ক. $\sin(90^\circ - \theta) = \frac{3}{2}$ হলে, b এর মান নির্ণয় কর। ২
খ. $b^4 - b^2 = 1$ হলে, প্রমাণ কর যে, $a^4 + a^2 = 1$. ৪
গ. $\frac{a+b}{a-b} = \frac{\sqrt{3}+2}{\sqrt{3}-2}$ এবং θ সূক্ষ্মকোণ হলে, θ এর মান নির্ণয় কর। ৪
- ৮ ▶ $\cot \theta + \cos \theta = a$ এবং $\cot \theta - \cos \theta = b$.
ক. $\theta = 60^\circ$ হলে, b এর মান নির্ণয় কর। ২
খ. দেখাও যে, $a^2 + b^2 = 2 \cot^2 \theta (1 + \sin^2 \theta)$. ৪
গ. প্রমাণ কর যে, $(a^2 - b^2)^2 = 16ab$. ৪
- ৯ ▶ একটি গাড়ির চাকার পরিধি 22 মিটার।
ক. একটি ঘনকের একধারের দৈর্ঘ্য 7 সে.মি. হলে এর সমগ্র পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
খ. চাকাটিতে অন্তর্লিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
গ. চাকাটির পরিধি একটি সমবাহু ত্রিভুজের পরিসীমার সমান হলে, এদের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর। ৪

পরিসংখ্যান

- ১০ ▶ কোনো শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	45-49	50-54	55-59	60-64	65-69	70-74
গণসংখ্যা	4	8	10	20	12	6

- ক. প্রচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. বর্ণনাসহ গণসংখ্যা নিবেশনের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪
- ১১ ▶ 30 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরগুলো নিচে দেওয়া হলো :
75, 65, 80, 55, 60, 80, 50, 75, 64, 70
80, 75, 55, 80, 70, 75, 67, 80, 90, 72
93, 85, 69, 74, 80, 78, 64, 80, 85, 99
ক. 13, 19, 17, 20, 15, 18, 16, 14 সংখ্যাগুলোর মধ্যক নির্ণয় কর। ২
খ. শ্রেণিব্যাপ্তি 5 ধরে সারণি তৈরি করে প্রচুরক নির্ণয় কর। ৪
গ. সারণি থেকে উপাত্তগুলোর অর্জিত রেখা আঁক। (বিবরণ আবশ্যিক) ৪

কেন্দ্র : সেট-০৪

৫৫ ✓ রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 109

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৪০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। এগারোটি প্রশ্ন থেকে যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।


ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $S = \{(x, y) : x \in Q, y \in Q \text{ এবং } x - y = 2\}$
 $Q = \{-2, -1, 0, 1\}, f(m) = \frac{1 + m^3 + m^6}{m^3}$
 ক. $P = \{x \in N : x^2 + x - 72 = 0\}$ সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২
 খ. S অন্তর্ভুক্ত তালিকা পদ্ধতিতে প্রকাশ করে এর ডোমেন নির্ণয় কর। ৪
 গ. দেখাও যে, $f(t^2) = f(t^{-2})$ । ৪
- ২ ▶ $(l+m)^2 = \sqrt{125}, (l-m)^2 = \sqrt{64}$ এবং $k^2 + \frac{1}{k^2} = \frac{85}{4}$, যেখানে $k > 0$ ।
 ক. $9c^2 + \frac{1}{9c^2} - 2 + 9c - \frac{1}{c}$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
 খ. প্রমাণ কর যে, $4(l^3m + lm^3) = \frac{9}{2}$ । ৪
 গ. দেখাও যে, $8(k^3 - \frac{1}{k^3}) = 89\sqrt{77}$ । ৪
- ৩ ▶ (i) কোনো সমান্তর ধারার ২৫ তম পদ ৯৯ এবং ৩১ তম পদ ১৩৫।
 (ii) একটি গুণোত্তর ধারার তৃতীয় পদ $\frac{1}{\sqrt{2}}$ এবং নবম পদ $\frac{1}{8\sqrt{2}}$
 ক. প্রথম ২০টি স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি নির্ণয় কর। ২
 খ. সমান্তর ধারাটির প্রথম ৪০ টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪
 গ. গুণোত্তর ধারাটি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ তিনটি রেখাংশ যথাক্রমে $p = 5$ সে.মি., $q = 6.4$ সে.মি., $r = 4.8$ সে.মি. এবং একটি কোণ $\angle X = 60^\circ$ ।
 ক. একটি সমকোণী ত্রিভুজ আঁক, যার অতিভুজ q এবং অপর একবাহুর দৈর্ঘ্য p । ২
 খ. একটি রম্বস আঁক যার পরিসীমা $3p$ এবং একটি কোণ $\angle X$ এর সমান। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
 গ. কোনো সামান্তরিকের দুইটি কর্ণের দৈর্ঘ্য q ও r এবং একটি বাহুর দৈর্ঘ্য p । সামান্তরিকটি অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

৫ ▶



চিত্রে, O বৃত্তের কেন্দ্র।

- ক. প্রমাণ কর যে, বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা। ২
 খ. প্রমাণ কর যে, $\angle NMT = \frac{1}{2} \angle NOT$ । ৪
 গ. প্রমাণ কর যে, $\angle MNS + \angle MTS = 180^\circ$ । ৪

- ৬ ▶ $p = 3$ সে.মি. ও $q = 3.5$ সে.মি.।
 ক. একটি বৃত্তচাপের কেন্দ্র নির্ণয় কর। [অঙ্কনের চিহ্ন আবশ্যিক] ২
 খ. q ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু T থেকে উক্ত বৃত্তে দুইটি স্পর্শক আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
 গ. p ও q কে একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুরে উক্ত ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $\sqrt{2} \cos(A - B) = 1 = \sqrt{2} \sin(A + B)$ এবং $\sec \theta - \tan \theta = \frac{3}{4}$ ।
 ক. $\beta = 30^\circ$ হলে প্রমাণ কর যে, $\cos 2\beta = 2\cos^2 \beta - 1$ । ২
 খ. $\sec A + \tan B$ এর মান নির্ণয় কর। ৪
 গ. $(\cos \theta - \sin \theta)$ এর মান নির্ণয় কর। ৪
- ৮ ▶ $K = \sin \alpha, M = \cos \alpha, A = 30^\circ$, যেখানে α সূক্ষ্মকোণ।
 ক. $\frac{1 - \cot^2 A}{1 + \cot^2 A} + \cos^2 A$ এর মান নির্ণয় কর। ২
 খ. $2M^2 + 3K = 3$ হলে α এর মান নির্ণয় কর। ৪
 গ. $M - K = \sqrt{2} K$ হলে প্রমাণ কর যে, $K + M = \sqrt{2} M$ । ৪
- ৯ ▶ একটি রম্বসের ক্ষেত্রফল ১৯৪৪ বর্গ সে.মি. এবং বৃহত্তর কর্ণের দৈর্ঘ্য ৭২ সে.মি.। আবার একটি বৃত্তের পরিধি রম্বসটির বৃহত্তর কর্ণের ৩ গুণ।
 ক. একটি ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল ৪৮ বর্গ সে.মি.। এর পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. রম্বসটির পরিসীমা নির্ণয় কর। ৪
 গ. উদ্দীপকে বর্ণিত বৃত্তে অন্তর্লিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ দশম শ্রেণির ৪০ জন শিক্ষার্থীর পদার্থবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	33-42	43-52	53-62	63-72	73-82	83-92
গণসংখ্যা	4	7	9	10	5	5

- ক. ২১, ১৯, ৩৫, ২৬, ৩৯, ২০, ২৩, ১৭ উপাত্তসমূহের মধ্যক নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ প্রদত্ত উপাত্তের অজিত রেখা অঙ্কন কর। ৪

- ১১ ▶ দশম শ্রেণির ৬০ জন শিক্ষার্থীর রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	24-33	34-43	44-53	54-63	64-73	74-83	84-93
গণসংখ্যা	6	9	11	17	8	5	4

- ক. প্রচুরক শ্রেণির পূর্বের শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
 খ. প্রদত্ত উপাত্ত হতে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. বিবরণসহ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

টেকি : সেট-০৪

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

৫৬ ✓ যশোর বোর্ড ২০২২

গণিত সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 109

পূর্ণমান : ৪০

দ্রষ্টব্য : ডান পাশের উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।


বীজগণিত

- ১ ▶ $U = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$
 $A = \{x \in N : x \text{ মৌলিক সংখ্যা এবং } x \leq 7\}$
 $B = \{x \in N : x \text{ জোড় সংখ্যা এবং } x < 7\}$
এবং $p^2 = 7 + 4\sqrt{3}$
ক. B কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২
খ. দেখাও যে, $(A \cup B)' = A' \cap B'$ । ৪
গ. উদ্দীপকের আলোকে দেখাও যে, $p^5 + \frac{1}{p^3} = 724$ । ৪
- ২ ▶ (i) $2 + 7 + 12 + 17 + \dots$ একটি সমান্তর ধারা।
(ii) কোনো গুণোত্তর ধারার ৪র্থ পদ $\frac{\sqrt{2}}{3}$ এবং ৭ম পদ $\frac{4}{9\sqrt{3}}$ ।
ক. সমান্তর ধারাটির দশম পদ নির্ণয় কর। ২
খ. সমান্তর ধারাটির ১ম n সংখ্যক পদের যোগফল 2235 হলে n এর মান নির্ণয় কর। ৪
গ. (ii)নং উদ্দীপক থেকে ধারাটি নির্ণয় কর। ৪
- ৩ ▶ $a = 2, b = 3$ এবং $c = 5$
ক. দেখাও যে, $\frac{3^n - 1}{(\sqrt{3})^n + 1} = (\sqrt{3})^n - 1$ । ২
খ. সরল কর : $\frac{a^{n+1} \cdot b^{2n-m} \cdot c^{m+n} \cdot (ab)^m}{(ab)^n \cdot (ac)^{m+2} \cdot (bc)^n} \div (5^2)^{-1}$ ৪
গ. প্রমাণ কর : $\frac{b \log_{10} \sqrt{b} + b \log_{10} a - b \log_{10} \sqrt{ac}}{\log_{10} \left(\frac{ab}{c}\right)} \div \frac{3}{2} = 1$ । ৪

জ্যামিতি

- ৪ ▶ একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৪ সে.মি., ৫ সে.মি. এবং ৬ সে.মি.।
ক. পেন্সিল কম্পাসের সাহায্যে 75° কোণ অঙ্কন কর। ২
খ. উদ্দীপকের বাহু তিনটি নিয়ে একটি ত্রিভুজ অঙ্কন করে ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন এবং বিবরণ আবশ্যিক] ৪
গ. উদ্দীপকের বৃহত্তম বাহুকে কোনো বৃত্তের ব্যাস ধরে উক্ত বৃত্তে এমন দুইটি স্পর্শক অঙ্কন কর যেন এদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়। [অঙ্কনের চিহ্ন এবং বিবরণ আবশ্যিক] ৪

৫ ▶




- ক. প্রমাণ কর যে, $\angle POE =$ এক সরলকোণ। ২
খ. $OS \perp PQ$ হলে দেখাও যে, $PS = QS$ । ৪
গ. প্রমাণ কর যে, $\angle POQ = 2\angle PAQ$ । ৪
- ৬ ▶ P কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB ও CD দুইটি জ্যা।
ক. ৪ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
খ. যদি $AB = CD$ হয়, তবে প্রমাণ কর যে, P থেকে AB ও CD এর দূরত্ব সমান। ৪
গ. যদি AB ও CD জ্যা দুইটি বৃত্তের অভ্যন্তরে কোনো বিন্দুতে সমকোণে ছেদ করে তবে প্রমাণ কর যে, $\angle APC + \angle BPD = 2$ সমকোণ। ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $x = \sin \theta$ এবং $y = \cos \theta$
 $P = 1 + \sin A, Q = 1 - \sin A$
ক. দেখাও যে, $\frac{x}{y} \sqrt{1-x^2} = x$ । ২
খ. সমাধান কর : $2 - 5x = x^2 - y^2$, যখন θ সূক্ষ্মকোণ। ৪
গ. প্রমাণ কর যে, $\sqrt{\frac{P}{Q}} = \frac{1}{\cos A} + \frac{1}{\cot A}$ । ৪
- ৮ ▶
-
- ক. AC বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,
 $\left(2 - \frac{1}{\operatorname{cosec}^2 A}\right)^{-1} + \left(2 + \frac{1}{\cos^2 A}\right)^{-1} = 1$ । ৪
গ. θ কোণের সাপেক্ষে যদি $2\left(\frac{BC}{AC}\right)^2 + 3\left(\frac{AB}{AC}\right) - 3 = 0$ হয়, তবে দেখাও যে, $\theta = 60^\circ$ । ৪

৯ ▶



- চিত্রে $AH = 12$ সে.মি., $AB = 16$ সে.মি., $BC = 21$ সে.মি.
ক. আয়তাকার ঘনবস্তুর ভূমির পরিসীমা নির্ণয় কর। ২
খ. ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪
গ. ঘনবস্তুর BCFE তলকে BC বাহুর চারদিকে ঘুরালে যে নতুন ঘনবস্তু উৎপন্ন হয় তার আয়তন ও বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১০ ▶ নিচে একটি সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	4	10	18	23	13	9	3

- ক. প্রচুরক শ্রেণি কোনটি? প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর (বর্ণনাসহ) ৪

১১ ▶ তোমাদের বিদ্যালয়ের ৭০ জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	50-54	55-59	60-64	65-69	70-74
গণসংখ্যা	7	12	18	24	9

- ক. মধ্যক শ্রেণির নিম্নসীমা বের কর। ২
খ. প্রদত্ত উপাত্ত হতে মধ্যক নির্ণয় কর। ৪
গ. প্রদত্ত উপাত্ত হতে অজিভ রেখা আঁক (বর্ণনাসহ)। ৪

জুই : সেট-০২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

৫৭ কুমিল্লা বোর্ড ২০২২

গণিত সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 109

পূর্ণমান : ৪০

দ্রষ্টব্য : ডান পাশের উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]


বীজগণিত

- ১ ▶ $B = \{x \in \mathbb{N} : x < 11\}$ এবং x মৌলিক সংখ্যা।
 $C = \{x \in \mathbb{N} : 2 < x < 16$ এবং x বিজোড় সংখ্যা।
 এবং $g(a) = \frac{1 - 3a^2 + a^3}{a(1 - a)}$
 ক. $f(y) = y^3 + my^2 - 3y - 6$ হলে m এর কোন মানের জন্য $f(-3) = 0$. ২
 খ. $P(B \cap C)$ নির্ণয় করে দেখাও যে, $P(B \cap C)$ এর উপাদান সংখ্যা 2^n কে সমর্থন করে। যেখানে n হলো $(B \cap C)$ এর উপাদান সংখ্যা। ৪
 গ. প্রমাণ কর যে, $g(1 - a) = g\left(\frac{1}{a}\right)$. ৪
- ২ ▶ $a + b + c = m$, $a^2 + b^2 + c^2 = n$ এবং $y^2 = 11 + \sqrt{120}$.
 ক. $4p^2 - 4q^2 + 4q - 1$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
 খ. $c = 0$, $m = 3$, $n = 5$ হলে, $a^3 + b^3$ এর মান নির্ণয় কর। ৪
 গ. $y^2 \left(y^3 + \frac{1}{y^7}\right)$ এর মান নির্ণয় কর। ৪
- ৩ ▶ $A = \left(\log_{10} 3\sqrt{3} - \log_{10} \frac{1}{8} - \log_{10} 10\sqrt{10}\right) \div \log_{10} 1.2$
 $B = \frac{49^{p+1}}{(7^{p-1})^{p+1}}$, $C = \frac{7^{p+1}}{(7^p)^{p-1}}$
 ক. $(\sqrt{5})^{x+1} = \left(\sqrt[3]{5}\right)^{2x-1}$ হলে, x এর মান নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $A \div \sqrt{2.25} = 1$. ৪
 গ. $(B \div C) \times 7^{-2}$ এর মান নির্ণয় কর। ৪

জ্যামিতি

- ৪ ▶ একটি ত্রিভুজের ভূমি সংলগ্ন দুইটি কোণ $\angle x = 75^\circ$, $\angle y = 70^\circ$ এবং পরিসীমা $S = 9$ সে.মি.।
 ক. এমন একটি সমবাহু ত্রিভুজ আঁক যার প্রতিটি বাহুর দৈর্ঘ্য $\frac{S}{3}$ এর সমান হয়। ২
 খ. উদ্দীপকের আলোকে ত্রিভুজটি অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
 গ. এমন একটি ত্রিভুজ আঁক যার ভূমি সংলগ্ন দুইটি কোণ $\angle x$ ও $\angle y$ এর সমান এবং শীর্ষ থেকে ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য $\frac{2S}{3}$ হয়। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

৫ ▶



- ক. বৃত্তটির ব্যাসার্ধ 4.5 সে.মি. হলে ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $\angle EDG + \angle EFG = 180^\circ$. ৪
 গ. DF ও EG কর্তৃক পরস্পরকে P বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $\angle DOE + \angle FOG = 2\angle DPE$. ৪

- ৬ ▶ 'O' কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PQ এবং RS দুইটি সমান জ্যা। $OM \perp PQ$ এবং $ON \perp RS$. MN এর একই পাশে 'P' ও 'R' অবস্থিত।
 ক. $PQ = 16$ সে.মি., $OM = 6$ সে.মি. হলে OP এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $OM = ON$. ৪
 গ. $PQ \parallel RS$ এবং $\angle MPO = 30^\circ$ হলে প্রমাণ কর যে, ΔPOR একটি সমবাহু ত্রিভুজ। ৪

ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $A = \frac{1}{x} \cot(p + q) = 1$
 $\sqrt{2} \cot(p - q) = \sqrt{6}$ এবং p, q সূক্ষ্মকোণ।
 ক. $C = 30^\circ$ হলে, প্রমাণ কর যে, $\tan 2C = \frac{2 \tan C}{1 - \tan^2 C}$. ২
 খ. $A = \sec \theta - \tan \theta$ হলে, $\operatorname{cosec} \theta$ এর মান নির্ণয় কর। ৪
 গ. 'p' ও 'q' এর মান নির্ণয় কর। ৪
- ৮ ▶ $\operatorname{cosec}(2c) = a$, $\cot(2c) = b$ এবং $\cos \theta = p$.
 ক. $\cos^2 \theta - \sin^2 \theta = \frac{5}{6}$ হলে, $\cos^4 \theta - \sin^4 \theta$ এর মান নির্ণয় কর। ২
 খ. $\frac{a+b}{a-b} = \frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}$ হলে, c এর মান নির্ণয় কর। ৪
 গ. $4p^2 - (2 + 2\sqrt{3})p + \sqrt{3} = 0$ হলে, θ এর মান নির্ণয় কর, $0^\circ < \theta < 90^\circ$. ৪
- ৯ ▶ একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল 1200 বর্গমিটার। আবার একটি রম্বসের পরিসীমা 80 সে.মি. এবং ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য 24 সে.মি.।
 ক. একটি বৃত্তের ব্যাস ও পরিধির পাথর্য 66 সে.মি. হলে বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় কর। ২
 খ. প্রতিটি 50 সে.মি. বর্গাকার পাথর দ্বারা বর্গক্ষেত্রটি বাঁধতে মোট কতটি পাথর লাগবে এবং প্রতিটি পাথরের মূল্য 25 টাকা হলে বর্গক্ষেত্রটি বাঁধতে মোট কত টাকা খরচ হবে? ৪
 গ. রম্বসটির বৃহত্তর কর্ণের দৈর্ঘ্য 32 সে.মি. হলে অপর কর্ণ ও ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

পরিসংখ্যান

- ১০ ▶ নিচে বিদ্যালয়ের ৯ম শ্রেণির 55 জন শিক্ষার্থীর রসায়ন বিষয়ের প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	21-30	31-40	41-50	51-60	61-70	71-80	81-90
গণসংখ্যা	6	4	10	15	9	7	4

- ক. মধ্যক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
 খ. সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. সারণি থেকে গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪
- ১১ ▶ কোনো শ্রেণির 62 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :
- | শ্রেণিব্যাপ্তি | 46-50 | 51-55 | 56-60 | 61-65 | 66-70 | 71-75 |
|----------------|-------|-------|-------|-------|-------|-------|
| গণসংখ্যা | 5 | 8 | 10 | 20 | 13 | 6 |
- ক. প্রচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. বর্ণনাসহ সারণির অজিত রেখা অঙ্কন কর। ৪

হেরা : সেট-০২

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

৫৮ চট্টগ্রাম বোর্ড ২০২২

গণিত সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 109

পূর্ণমান : ৪০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। এগারোটি প্রশ্ন থেকে যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ (i) $U = \{a, b, c, d, e, f, g\}$ এবং
 $A = \{a, b, c, d\}$, $B = \{a, e, f, g\}$
(ii) $(x - a, y + 2a) = (y - 2a, 2x + a)$
ক. যদি $A = \{x \in N : x < 19 \text{ এবং } x, 3 \text{ এর গুণিতক}\}$ হয়
তবে A সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২
খ. (i)নং হতে প্রমাণ কর যে, $(A \cap B)' = (A - B) \cup (B - A)$. ৪
গ. (ii) নং হতে (x, y) নির্ণয় কর। ৪
- ২ ▶ $A = p^4 + \frac{1}{p^4}$ এবং $B = 3 + 2\sqrt{2}$.
ক. উৎপাদকে বিশ্লেষণ কর : $ax^2 + (ab - 1)x - b$. ২
খ. যদি $A = 119$ হয় তবে প্রমাণ কর যে, $p = 3 + \frac{1}{p}$. ৪
গ. যদি $B = x$ হয়, তবে $\frac{x^6 + 1}{x^3}$ এর মান নির্ণয় কর। ৪
- ৩ ▶ $11 + 9 + 7 + \dots$ একটি সমান্তর ধারা এবং অপর একটি
গুণোত্তর ধারার তৃতীয় পদ $\frac{1}{\sqrt{3}}$ ও অষ্টম পদ $\frac{4\sqrt{2}}{27}$.
 গ. যদি $r = 2 - 5 \cos \theta$ হয়, তবে θ এর মান নির্ণয় কর, যেখানে θ সূক্ষ্মকোণ। ৪
- ৮ ▶ একটি সামান্তরিকের দুই বাহুর দৈর্ঘ্য ৩০ সে. মি. এবং ২৬ সে. মি.। এর ক্ষুদ্রতম কর্ণটি ২৪ সে. মি.। একটি কাঠের বাস্তব বাইরের মাপ যথাক্রমে ১০ সে. মি., ৯ সে. মি. ও ৭ সে. মি. এবং এর ভিতরের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল ২৬২ বর্গ সে. মি. ও বাস্তব পুরুত্ব সুসম।
 ক. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ও সমান সমান বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৬০ সে. মি. ও ৫০ সে. মি.। এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. সামান্তরিকটির অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. বাস্তবটির দেওয়ালের পুরুত্ব নির্ণয় কর। ৪
- ৯ ▶ নির্দিষ্ট দুইটি স্থান A ও B এর মধ্যবর্তী দূরত্ব ১৫০০ মি.। একটি উড়োজাহাজ হতে C বিন্দুতে A ও B এর অবনতি কোণ যথাক্রমে 60° ও 30° ।
 ক. $CD \perp AB$ হলে, $\angle CAD$ ও $\angle BCD$ এর মধ্যকার সম্পর্কটি লিখ। ২
 খ. ভূমি হতে উড়োজাহাজটির উচ্চতা নির্ণয় কর। ৪
 গ. AC ও BC এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ গণসংখ্যা নিবেশন সারণি নিচে দেওয়া হলো :

শ্রেণি ব্যবধান	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	5	9	10	7	5	12	2

- ক. মধ্যক শ্রেণি নির্দেশের মাধ্যমে F_c এর মান নির্ণয় কর। ২
 খ. মধ্যক ও প্রচুরকের ব্যবধান নির্ণয় কর। ৪
 গ. উপরিউক্ত উপাত্ত হতে বর্ণনাসহ অজিত রেখা অঙ্কন কর। ৪
- ১১ ▶ দশম শ্রেণির ২৫ জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর হলো :
 62, 50, 77, 91, 84, 75, 40, 52, 92, 87, 73, 57, 69, 47, 56, 43, 65, 69, 73, 81, 89, 82, 95, 52, 66.
 ক. 26, 30, 20, 32, 27, 25 এর মধ্যক নির্ণয় কর। ২
 খ. শ্রেণি ব্যবধান 5 ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি কর এবং সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. বর্ণনাসহ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১১৭ ✓ হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $P(x) = \frac{1+x^2+x^4}{x^2}$
- ক. 2.37×0.45 এর মান নির্ণয় কর। ২
- খ. $P\left(\frac{1}{x}\right) = 48$ হলে, প্রমাণ কর যে, $x + \frac{1}{x} = 3$ । ৪
- গ. $(\sqrt{x} + \frac{1}{\sqrt{x}})(x\sqrt{x} + \frac{1}{x\sqrt{x}})$ এর মান নির্ণয় কর। ৪
- ২ ▶ একটি মাঠের ক্ষেত্রফল 588 বর্গমিটার। ঐ মাঠের দৈর্ঘ্য ও প্রস্থের সাথে অপর একটি মাঠের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 3 : 4 এবং 2 : 3। একটি মাঠের মাঝখানে 20 সে.মি. ব্যাস বিশিষ্ট একটি বৃত্ত আঁকা হলো। বৃত্তটির কেন্দ্র থেকে একটি জ্যা এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যা এর অর্ধেকের চেয়ে 2 সে.মি. কম।
- ক. উৎপাদকে বিশ্লেষণ কর : $x^2 - 2(a + \frac{1}{a})x + 4$ । ২
- খ. অপর মাঠের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
- গ. বৃত্তটির জ্যা এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- ৩ ▶ $P^2 - \frac{2P}{x} + 1 = 0$ এবং একটি সমান্তর ধারার প্রথম n সংখ্যক পদের সমষ্টি $\frac{n(3n-1)}{2}$ ।
- ক. $\log_{2\sqrt{2}} 8 \div \log_{2\sqrt{3}} 144$ এর মান নির্ণয় কর। ২
- খ. প্রমাণ কর যে, $P = \frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}}$ । ৪
- গ. n তম পদ পর্যন্ত সমান্তর ধারাটি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ একটি ত্রিভুজের ভূমিসংলগ্ন দুইটি কোণ 60° এবং 45° এবং শীর্ষবিন্দু থেকে ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য 3.5 সে.মি.।
- ক. চিত্রসহ প্রবন্ধ কোণের সংজ্ঞা দাও। ২
- খ. ত্রিভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- গ. ত্রিভুজটির অন্তর্বৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- ৫ ▶ ΔPQR এ $\angle P$ এর সমদ্বিখন্ডক QR কে S বিন্দুতে ছেদ করেছে যেখানে $PQ > PR$ ।
- ক. সদৃশকোণী বহুভুজ কাকে বলে? ২
- খ. প্রমাণ কর যে, $\angle PSQ$ স্থূলকোণ। ৪
- গ. প্রমাণ কর যে, $PQ : PR = QS : SR$ । ৪



চিত্রে, A বিন্দু থেকে AB এবং AC দুইটি স্পর্শক।

- ক. স্পর্শক কাকে বলে? ২
- খ. প্রমাণ কর যে, AP সরলরেখা স্পর্শ জ্যা BC এর লম্বদ্বিখন্ডক। ৪
- গ. যদি PRC ত্রিভুজের $RC = PR$ এবং M, PC এর উপর যেকোন বিন্দু হয়, তবে প্রমাণ কর যে, $MP^2 + MC^2 = 2MR^2$ । ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত 21 : 16 : 12 এবং কর্ণের দৈর্ঘ্য 87 সে.মি.। আবার একটি লোহার পাইপের উচ্চতা ৫ মিটার এবং এর বাইরের ও ভিতরের ব্যাস যথাক্রমে আয়তাকার ঘন বস্তুর প্রস্থের এক চতুর্থাংশ ও উচ্চতার এক চতুর্থাংশের সমান। 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম।
- ক. বৃত্তকলা বলতে কী বোঝ? ২
- খ. আয়তাকার ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
- গ. পাইপের লোহার ওজন নির্ণয় কর। ৪
- ৮ ▶
- ক. অতিভুজের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
- খ. $\frac{b}{\sqrt{a^2+b^2}} + 1 - \frac{a}{\sqrt{a^2+b^2}} = 2 \operatorname{cosec} A$ প্রমাণ কর। ৪
- গ. $\left(\frac{BC}{AC}\right)^2 - \left(\frac{AB}{AC}\right)^2 = 2 - \frac{5BC}{AC}$ হলে, $\angle BAC$ এর মান নির্ণয় কর। ৪

- ৯ ▶ একটি টাওয়ারের পাদদেশ থেকে $75\sqrt{3}$ মিটার দূরে একটি বিন্দুতে টাওয়ারের শীর্ষের উন্নতি কোণ 30° । টাওয়ারের শীর্ষ থেকে 3 কি.মি. দূরে অবস্থিত একটি হেলিকপ্টার থেকে টাওয়ারের শীর্ষের অবনতি কোণ 60° । একটি বর্গাকার মাঠের পরিধি টাওয়ারের উচ্চতার সমান। ঐ মাঠের বাহিরে 3 মিটার প্রশস্ত একটি রাস্তা আছে।
- ক. $\sec(90^\circ - \theta) = \frac{5}{3}$ হলে $(\operatorname{cosec} \theta - \cot \theta)$ এর মান নির্ণয় কর। ২
- খ. ভূমি থেকে হেলিকপ্টারটি কত উচ্চতায় রয়েছে? ৪
- গ. প্রতি বর্গমিটার 250 টাকা হিসেবে উক্ত রাস্তা বাঁধাতে মোট কত টাকা খরচ হবে? ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ নিচে 25 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর দেওয়া হলো :

67	71	77	65	72	80	84	80	61
62	82	72	81	68	80	75	64	72
75	83	80	81	67	74	88		

- ক. 5 শ্রেণি ব্যবধান ধরে শ্রেণি সংখ্যা নির্ণয় কর। ২
- খ. গণসংখ্যা সারণি হতে প্রচুরক নির্ণয় কর। ৪
- গ. গণসংখ্যা সারণি হতে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪
- ১১ ▶ ১০ম শ্রেণির 60 জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশনের সারণি দেওয়া হলো :
- | | | | | | | |
|----------------|-------|-------|-------|-------|-------|-------|
| শ্রেণিব্যাপ্তি | 31-40 | 41-50 | 51-60 | 61-70 | 71-80 | 81-90 |
| গণসংখ্যা | 6 | 8 | 12 | 22 | 5 | 7 |
- ক. প্রচুরক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
- খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
- গ. গণসংখ্যা নিবেশনের আয়তলেখ অঙ্কন কর। ৪

১১৮ ✓ গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ধানমণ্ডি, ঢাকা

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $n, (n+1), (n+2), (n+3)$ চারটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা।
 ক. মূলদ ও অমূলদ সংখ্যার উদাহরণসহ সংজ্ঞা দাও। ২
 খ. প্রমাণ কর যে, প্রদত্ত সংখ্যা চারটির গুণফলের সাথে 1 যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে। ৪
 গ. n যদি বিজোড় স্বাভাবিক সংখ্যা হয় তবে প্রমাণ কর যে, বিজোড় স্বাভাবিক সংখ্যার বর্গকে 8 (আট) দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ভাগশেষ 1 থাকে। ৪
- ২ ▶ $A = \sqrt{\frac{5x}{2} + \frac{1}{6}}$ এবং $B = 8 \left(x^3 - \frac{1}{x^3} \right)$.
 ক. সরল কর $8(a+b)^6 - (a-b)^6 - 12ab(a^2 - b^2)^2$. ২
 খ. $A = x$ হলে প্রমাণ কর যে, $\frac{36x^4 + 1}{9x^2} = \frac{79}{3}$. ৪
 গ. $B = 63$ হলে প্রমাণ কর যে, $2x - \frac{2}{x} = 3$. ৪
- ৩ ▶ কোন ধারার প্রথম n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি এবং ঐ সংখ্যাগুলোর সমষ্টির অনুপাত 465 এবং অপর একটি গুণোত্তর ধারার তৃতীয় পদ $\frac{1}{\sqrt{3}}$ এবং দশম পদ $\frac{8\sqrt{2}}{81}$.
 ক. $1 + 3 + 5 + 7 + \dots + n$ পদের সমষ্টি কত? ২
 খ. n এর মান নির্ণয় কর। ৪
 গ. গুণোত্তর ধারার 12 তম পদ ও 20 তম পদের সমষ্টি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ একটি ত্রিভুজের পরিসীমা p এবং ভূমি সংলগ্ন দুইটি কোণ $\angle x$ এবং $\angle y$.
 ক. p দৈর্ঘ্যকে সমত্ৰিখণ্ডিত কর। ২
 খ. ত্রিভুজটি আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. ট্র্যাপিজিয়ামের দুটি সমান্তরাল বাহু এবং এদের মধ্যে বৃহত্তর বাহু সংলগ্ন দুটি কোণ $\angle x$ ও $\angle y$ এর সমান ধরে ট্র্যাপিজিয়াম অঙ্কন কর। ৪



চিত্রে, O বৃত্তের কেন্দ্র এবং $OB = 2.5$ সে.মি.।


- ক. ABCD বৃত্তটির দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $\angle BAD = \frac{1}{2} \angle BOD$ ৪
 গ. AC ও BD পরস্পর E বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $\angle AOB + \angle COD = 2 \angle AEB$. ৪
- ৬ ▶ $\triangle ABC$ এবং $\triangle PQR$ দুটি ত্রিভুজ।
 ক. দুটি ত্রিভুজের উচ্চতা সমান হলে, প্রমাণ কর যে, তাদের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত ভূমিদ্বয়ের অনুপাতের সমান। ২

- খ. প্রমাণ কর যে, উল্লিখিত ত্রিভুজদ্বয় সদৃশ হলে তাদের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত, তাদের যে কোনো দুই অনুরূপ বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাতের সমান। ৪
 গ. প্রমাণ কর যে, $\triangle ABC$ ও $\triangle PQR$ সদৃশকোণী হলে তাদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক হবে। ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $x = \tan \theta + \sin \theta$, $y = \tan \theta - \sin \theta$ এবং $z = \cos^2 \theta - \sin^2 \theta$.
 ক. দেখাও যে, $\tan \theta + \cot \theta = \sec \theta \cdot \operatorname{cosec} \theta$. ২
 খ. প্রমাণ কর যে, $(x+y)^2 = \frac{16xy}{(x-y)^2}$ ৪
 গ. $z = 2 - 5 \cos \theta$ হলে θ এর মান নির্ণয় কর। ৪
- ৮ ▶ দুটি মাইলফলক A ও B এর মধ্যবর্তী কোন স্থানের উপর O বিন্দুতে একটি হেলিকপ্টার হতে ঐ মাইলফলকদ্বয়ের অবনতি কোণ যথাক্রমে 60° ও 45° .
 ক. সংক্ষিপ্ত বর্ণনাসহ আনুপাতিক চিত্র অঙ্কন কর। ২
 খ. হেলিকপ্টার মাটি থেকে কত উঁচুতে অবস্থিত? ৪
 গ. A ও B বিন্দুদ্বয় হতে হেলিকপ্টারটির সরাসরি দূরত্ব নির্ণয় কর। ৪

- ৯ ▶ চিত্রটি বর্গক্ষেত্র ও বৃত্তকলায় বিভক্ত—



- ক. বর্গক্ষেত্রটির কর্ণের দৈর্ঘ্য ও পরিসীমা নির্ণয় কর। ২
 খ. সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. বর্গের বাহুর দৈর্ঘ্য বিশিষ্ট কোন সুষম ষড়ভুজ কোন বৃত্তে অন্তর্লিখিত হলে বৃত্তের অনধিকৃত অংশের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ কয়েকজন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :
 90, 52, 72, 65, 67, 75, 50, 80, 78, 75, 59, 57, 68, 54, 82, 62, 89, 66, 86, 63, 84, 70, 56, 83, 60.
 ক. (50 - 55) কে প্রথম শ্রেণি ধরে গণসংখ্যা সারণি তৈরি কর। ২
 খ. সারণি থেকে উপাত্তগুলোর মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. আয়তলেখ থেকে গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪
- ১১ ▶ নিম্নে একটা গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো ;

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
ক্রমযোজিত গণসংখ্যা	3	18	34	58	70	78	80

- ক. মধ্যক শ্রেণি কোনটি? মধ্যক শ্রেণির মধ্যমান কত? ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. উপাত্তগুলোর অজিভ রেখা অঙ্কন কর। ৪

১১৯ ✓ ধানমণ্ডি গভঃ বয়েজ হাই স্কুল, ঢাকা

বিষয় কোড : **109**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত **সুজনশীল প্রশ্ন**

পূর্ণমান : ৭০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ (i) $y^2 - 2\sqrt{30} = 11$ যখন $y > 0$.
 (ii) $p = \sqrt{3} + \sqrt{2}$.
 ক. $x^3 + 9y^3 + (x + y)^3$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
 খ. (i) নং এর সাহায্যে $\frac{y^8 - 1}{y^4}$ এর মান নির্ণয় কর। ৪
 গ. $p^3 + \frac{1}{p^3} = 18\sqrt{3}$ হলে (ii) নং সম্পর্কটি প্রমাণ কর। ৪
- ২ ▶ (i) $y^2 = xz$
 (ii) $p = 26$ মিটার এবং $q = 10$ মিটার
 ক. (i) হতে দেখাও যে, $\frac{xyz(x + y + z)^3}{(xy + yz + zx)^3} = 1$. ২
 খ. $\frac{x^2 + y^2}{y^2 + z^2} = \frac{(x + y)^2}{(y + z)^2}$ হলে উদ্দীপকের আলোকে (i) নং প্রতিষ্ঠিত কর। ৪
 গ. যদি p ও q এর মানকে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ বিবেচনা করা হয়, তবে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি এবং প্রস্থ 20% হ্রাস পেলে ক্ষেত্রটির ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে তা নির্ণয় কর। ৪
- ৩ ▶ একটি গুণোত্তর ধারার ৩য় পদ $\frac{1}{\sqrt{3}}$ এবং ৮ম পদ $\frac{1}{27}$ এবং একটি সমান্তর ধারার ১ম 10 পদের সমষ্টি 155 এবং ১ম 20 পদের সমষ্টি 610.
 ক. $5 + 8 + 11 + 14 + \dots$ ধারাটির কোন পদ 383? ২
 খ. গুণোত্তর ধারাটি নির্ণয় কর। ৪
 গ. সমান্তর ধারাটির 30 তম পদ নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

৪ ▶




- O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তে PQRS চতুর্ভুজটি অন্তর্লিখিত।
 ক. বর্ধিত OQ রেখাংশটি বৃত্তের পরিধিকে T বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $\angle QPT = 1$ সমকোণ। ২
 খ. প্রমাণ কর যে, $\angle QRS + \angle QPS = 180^\circ$. ৪
 গ. PR এবং QS কর্ণদ্বয় পরস্পর E বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $\angle POQ + \angle ROS = 2\angle PEQ$. ৪
- ৫ ▶ $a = 4$ সে.মি., $b = 5.2$ সে.মি. এবং $\angle x = 65^\circ$.
 ক. কোনো ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য a ও b এর দৈর্ঘ্যের সমান এবং এদের অন্তর্গত কোণ $\angle x$ হলে ত্রিভুজটি অঙ্কন কর। ২
 খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a এর দৈর্ঘ্যের সমান বাহু বিশিষ্ট সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। ৪
 গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a ও b এর দৈর্ঘ্যকে কোনো রম্বসের দুইটি কর্ণ ধরে রম্বসটি অঙ্কন কর। ৪

- ৬ ▶ দুইটি সদৃশকোণী $\triangle ABC$ ও $\triangle DEF$ এর BC এবং EF এর উপর যথাক্রমে AG ও DH লম্ব।
 ক. উদ্দীপকের আলোকে চিত্র আঁক। ২
 খ. প্রমাণ কর যে, $AG : DH = AB : DE$. ৪
 গ. প্রমাণ কর যে, $\triangle ABC : \triangle DEF = BC^2 : EF^2$. ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

৭ ▶



- AB = a, AC = $\sqrt{a^2 + b^2}$ এবং $\angle C = \theta$ হলে,
 ক. চিত্র হতে $\tan \theta$ এর ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয় কর। ২
 খ. $\tan \theta$ এর মানের উপর ভিত্তি করে $\frac{a \sin \theta - b \cos \theta}{a \sin \theta + b \cos \theta}$ এর মান নির্ণয় কর। ৪
 গ. যদি $\tan A + \sin A = m$, $\tan A - \sin A = n$ হয় তাহলে প্রমাণ কর যে, $m^2 - n^2 = 4\sqrt{mn}$. ৪
- ৮ ▶ 21 মিটার লম্বা একটি খুঁটি ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 60° কোণ উৎপন্ন করে।
 ক. উপরোক্ত তথ্যের আলোকে চিত্র আঁক। ২
 খ. খুঁটিটির ভাঙা অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. খুঁটিটি 7 মিটার উচ্চতায় ভাঙলে ভূমির সাথে কত ডিগ্রি কোণ উৎপন্ন করবে? ৪
- ৯ ▶ একটি সমবাহু ত্রিভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য 2 মিটার বাড়ালে ক্ষেত্রফল $5\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়।
 ক. ত্রিভুজটির প্রতি বাহুর দৈর্ঘ্য x মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল x চলকের মাধ্যমে প্রকাশ কর। ২
 খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. কোনো সমবৃত্তভূমিক সিলিন্ডারের উচ্চতা ও ভূমির ব্যাসার্ধ যথাক্রমে ত্রিভুজটির উচ্চতা ও এক বাহুর দৈর্ঘ্যের সমান হলে সিলিন্ডারটির আয়তন নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ নিচে 25 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
 67, 71, 77, 65, 72, 80, 84, 80, 61, 62, 82, 72, 81, 68, 80, 75, 64, 72, 75, 83, 80, 81, 67, 74, 88.
 ক. 5 শ্রেণি ব্যবধান ধরে গণসংখ্যা সারণি তৈরি কর। ২
 খ. গণসংখ্যা সারণি হতে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. গণসংখ্যা সারণি হতে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪
- ১১ ▶ পদার্থবিজ্ঞানে 76 জন শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি :

প্রাপ্ত নম্বর	1-10	11-20	21-30	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	2	5	13	12	11	18	5	4	4	2

- ক. সারণি থেকে প্রচুরক শ্রেণির মধ্যমান নির্ণয় কর। ২
 খ. মধ্যক নির্ণয় কর। ৪
 গ. উপাত্তগুলোর অজিড রেখা আঁক। ৪

১২০ সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $U = \{x \in \mathbb{N} : 1 < x < 8\}$, $A = \{x : x^2 - 11x + 30 = 0\}$,
 $B = \{x : x \text{ মৌলিক সংখ্যা}\}$ এবং $C = \{x : 4 \leq x < 7\}$
 ক. A সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২
 খ. দেখাও যে, $(A \cup B)' = A' \cap B'$ ৪
 গ. দেখাও যে, $A \times (B \cap C) = (A \times B) \cap (A \times C)$ ৪
- ২ ▶ $x = 2$, $y = 3$ এবং $z = 5$ হলে,
 ক. দেখাও যে, $\log(x^3 y^2 z) = y \log x + x \log y + \log z$ ২
 খ. $7 \log \frac{x^4}{yz} + z \log \frac{z^2}{x^3 y} + y \log \frac{y^4}{x^4 y}$ এর সরলীকরণ কর। ৪
 গ. $\frac{\log \sqrt{y^3} + y \log x - \frac{y}{x} \log(xz)}{\log(xy) - \log z}$ এর মান নির্ণয় কর। ৪
- ৩ ▶ (i) কোনো সমান্তর ধারার m তম পদ n এবং n তম পদ m.
 (ii) $\frac{1}{\sqrt{2}}, -1, \sqrt{2}, \dots$
 ক. প্রথম 99টি স্বাভাবিক সংখ্যার যোগফল নির্ণয় কর। ২
 খ. (ii) অনুক্রমটির কোন পদ $8\sqrt{2}$? ৪
 গ. (i) ধারাটির প্রথম $(m+n-1)$ তম পদ কত? ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ ΔPQR এর $PQ = QR = 4$ সে.মি. এবং $\angle Q =$ এক সমকোণ।
 ক. ত্রিভুজটি অঙ্কন কর এবং এক্ষেত্রে পিথাগোরাসের উপপাদ্যটি লিখ। ২
 খ. PR বাহুর উপর A যেকোনো বিন্দু হলে, প্রমাণ কর যে,
 $AP^2 + AR^2 = 2AQ^2$ ৪
 গ. এমন একটি সামান্তরিক অঙ্কন কর যার একটি কোণ 60° এবং যার দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল প্রদত্ত Δ -ক্ষেত্র PQR এর ক্ষেত্রফলের সমান। ৪
- ৫ ▶ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD চতুর্ভুজটি অন্তর্লিখিত।
 ক. উপরিউক্ত তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২
 খ. প্রমাণ কর যে, চতুর্ভুজটির যেকোনো দুইটি বিপরীত কোণের সমষ্টি এক সরলকোণ। ৪
 গ. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের AB ও CD জ্যা দুইটি বৃত্তের অভ্যন্তরে অবস্থিত কোনো বিন্দুতে সমকোণে মিলিত হলে প্রমাণ কর যে, $\angle AOD + \angle BOC = 180^\circ$ ৪
- ৬ ▶ একটি ট্র্যাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য 6 সে.মি. এবং 3 সে.মি. এবং বৃহত্তর বাহু সংলগ্ন কোণদ্বয়ের প্রত্যেকটি 45° ।
 ক. সংক্ষিপ্ত বিবরণসহ তথ্যগুলো অঙ্কন কর। ২
 খ. বিবরণসহ ট্র্যাপিজিয়ামটি আঁক। ৪
 গ. এমন একটি সমবাহু ত্রিভুজ অঙ্কন কর যার পরিসীমা ট্র্যাপিজিয়ামটির সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টির সমান। ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ ABC সমকোণী ত্রিভুজের $\angle B =$ এক সমকোণ। $AC = 2$ এবং $AB = 1$.
 ক. $\angle A$ এর মান কত? ২
 খ. $\frac{\operatorname{cosec} A - \sec A}{\operatorname{cosec} A + \sec A}$ এর মান নির্ণয় কর।
 যখন, $\tan A = \frac{1}{\sqrt{3}}$ ৪
 গ. সমাধান কর : $2\cos^2 A + 3\sin A = 3$ ৪
- ৮ ▶ একটি গাছ ঝড়ে ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে মাটি স্পর্শ করেছে এবং 15 মিটার উচ্চতায় ভেঙেছে।
 ক. সংক্ষিপ্ত বিবরণসহ চিত্রটি আঁক। ২
 খ. সম্পূর্ণ গাছটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. ভাঙা অংশ যদি দন্ডায়মান অংশের সাথে 30° কোণ উৎপন্ন করত সেক্ষেত্রে ভাঙা অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- ৯ ▶ একটি সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য 40 সে.মি. ও 34 সে.মি. এবং ক্ষুদ্রতম কর্ণ 37 সে.মি.।
 ক. সামান্তরিকটির পরিসীমা নির্ণয় কর। ২
 খ. সামান্তরিকটির অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. সামান্তরিকটির পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ও ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ তোমাদের শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	45-49	50-54	55-59	60-64	65-69	70-74
গণসংখ্যা	4	8	10	20	12	6

- ক. সারণি থেকে মধ্যক শ্রেণি নির্ণয় কর। ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. উপাত্তের আয়তলেখ অঙ্কন কর এবং আয়তলেখ থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
- ১১ ▶ 30 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :
 72, 85, 78, 84, 78, 75, 69, 67, 88, 80, 74, 77, 79, 69, 74, 73, 83, 65, 75, 69, 63, 75, 86, 66, 71, 61, 62, 85, 84, 75.
 ক. উপরে অবিন্যস্ত উপাত্তসমূহের মধ্যক নির্ণয় কর। ২
 খ. শ্রেণি ব্যবধান 5 ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি করে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. গণসংখ্যা নিবেশন সারণি থেকে অজিভ রেখা অঙ্কন কর। ৪

১২১ ✓ **রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী**

বিষয় কোড : **109**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত **সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

১ ▶ $P = a + b + c$, $f(t) = \frac{1+t^2+t^4}{t^2}$ এবং $R = x^3 + \frac{1}{x^3}$.

ক. প্রমাণ কর যে, $a^3 + b^3 + c^3 = 3abc$, যখন $P = 0$. ২

খ. দেখাও যে, $f(t^{-2}) = f(t^2)$. ৪

গ. $R = 18$ হলে প্রমাণ কর যে, $x = \frac{3+\sqrt{5}}{2}$. ৪

২ ▶ (i) $p^2 - \frac{2p}{x} + 1 = 0$

(ii) $\frac{6}{m} = \frac{1}{a} + \frac{1}{b}$

ক. $\log_7(\sqrt{7} \cdot \sqrt{7}) + \log_4 2$ এর মান নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে,
 $\frac{m+3a}{m-3a} + \frac{m+3b}{m-3b} = 2$ [উদ্দীপক (ii) হতে] ৪

গ. দেখাও যে, $p = \frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}}$ [উদ্দীপক (i) হতে] ৪

৩ ▶ কোনো গুণোত্তর ধারার তৃতীয় পদ $\frac{1}{3\sqrt{3}}$ এবং পঞ্চম পদ $\frac{1}{9\sqrt{3}}$.

ক. $1 + 2 + 3 + 4 + \dots + 75 =$ কত? ২

খ. উদ্দীপকের আলোকে দেখাও যে, ধারাটির প্রথম পদ = সাধারণ অনুপাত। ৪

গ. একটি সমান্তর ধারার p তম, q তম এবং r তম পদ যথাক্রমে x, y, z হলে, প্রমাণ কর যে,
 $x(q-r) + y(r-p) + z(p-q) = 0$ ৪

খ বিভাগ : জ্যামিতি

৪ ▶ একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল দুইটি বাহুর দৈর্ঘ্য ৪ সে. মি. ও ৬ সে. মি. এবং বৃহত্তম বাহু সংলগ্ন দুইটি কোণ $\angle x = 60^\circ$ এবং $\angle y = 50^\circ$

ক. স্কেল ও পেন্সিল কম্পাসের সাহায্যে 75° কোণ অঙ্কন কর। ২

খ. উদ্দীপকের আলোকে ট্রাপিজিয়ামটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)। ৪

গ. ৪ সে. মি. বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের বহির্বৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)। ৪

৫ ▶ O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তের একই উপচাপ BC এর উপর দণ্ডায়মান $\angle BAC$ বৃত্তস্থ এবং $\angle BOC$ কেন্দ্রস্থ কোণ।

ক. বৃত্তের পরিসীমা 6π হলে বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,
 $\angle BAC = \frac{1}{2} \angle BOC$. ৪

গ. বৃত্তের বহিঃস্থ বিন্দু P থেকে PA ও PB দুইটি স্পর্শক হলে প্রমাণ কর যে, $PA = PB$ ৪

৬ ▶ ΔPQR এ $\angle P =$ এক সমকোণ এবং QR বাহুর মধ্যবিন্দু S

ক. পীথাগোরাসের উপপাদ্যটি লিখ। ২

খ. প্রমাণ কর যে, $PQ^2 + PR^2 = QR^2$. ৪

গ. দেখাও যে, $QR = 2PS$. ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

৭ ▶ 12 মিটার উচ্চতা বিশিষ্ট একটি গাছের ছায়ার দৈর্ঘ্য $4\sqrt{3}$ মিটার।

ক. গাছটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ নির্ণয় কর। ২

খ. গাছটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ কত হোস পেলে ছায়ার দৈর্ঘ্য $8\sqrt{3}$ মিটার বৃদ্ধি পাবে? ৪

গ. জ্যামিতিক পদ্ধতিতে প্রমাণ কর যে, $\tan 60^\circ = \sqrt{3}$. ৪

৮ ▶ একটি রম্বসের কর্ণদ্বয় ৬০ সে.মি. ও ৮০ সে. মি. এবং রম্বসের ক্ষেত্রফল একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের সমান।

ক. সমদ্বিবাছ ও সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র দুটি লিখ। ২

খ. রম্বসের পরিসীমা ও উচ্চতা নির্ণয় কর। ৪

গ. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের আড়াইগুণ হলে উহার কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

৯ ▶ $\tan A + \sin A = m$, $\tan A - \sin A = n$

ক. $\frac{\sin^2 A}{\cos A}$ এর মান m ও n এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $(m-n)^2 = \frac{16mn}{(m+n)^2}$. ৪

গ. প্রমাণ কর যে, $\sec A - \cos A = \frac{4mn}{m^2 - n^2}$. ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

১০ ▶ দশম শ্রেণির ৭০ জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	50-54	55-59	60-64	65-69	70-74
গণসংখ্যা	7	12	18	24	9

ক. প্রচুরক নির্ণয়ের সূত্রটি লিখ ও বিবৃত কর। ২

খ. প্রদত্ত উপাত্ত হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

গ. বর্ণনাসহ সারণি থেকে অজিড রেখা অঙ্কন কর। ৪

১১ ▶ ৯ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ৪০ জন শিক্ষার্থীর বাংলায় নম্বর নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	4	10	18	23	13	9	3

ক. কেন্দ্রীয় প্রবণতা কাকে বলে? এর পরিমাপগুলো কী কী? ২

খ. প্রদত্ত সারণি থেকে মধ্যক নির্ণয় কর। ৪

গ. বর্ণনাসহ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন কর। ৪

১২২✓ পাবনা জেলা স্কুল, পাবনা

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ i) $R = a - \{a^{-1} + (b^{-1} - a)^{-1}\}^{-1}$, ($ab \neq 1$)
 ii) $x^3 - 3px^2 + 3x - p = 0$ দুইটি সমীকরণ।
 ক. 2025 এর লগ 4 হলে, লগের ভিত্তি কত? ২
 খ. $R \div (\log_a \sqrt{a^3} - \log_a \sqrt{a}) = a^2b$ প্রমাণ কর। ৪
 গ. (ii) নং এর সহায়ে প্রমাণ কর যে,


$$x = \frac{\sqrt[3]{p+1} + \sqrt[3]{p-1}}{\sqrt[3]{p+1} - \sqrt[3]{p-1}}$$

- ২ ▶ $x^2 - \sqrt{5}x + 1 = 0$ এবং Q^c একটি অমূলদ সংখ্যার সেট?
 ক. $(a + b)x^2 + 2bxy - (a - b)y^2$ কে উৎপাদকে বিশ্লেষণ কর। ২
 খ. দেখাও যে, $x^5 + \frac{1}{x^5} = 5\sqrt{5}$ ৪
 গ. প্রমাণ কর যে, $\sqrt{5} \in Q^c$ ৪
 ৩ ▶ $6 + p + q + r + 486$ একটি গুণোত্তর ধারা।
 ক. $1^2 + 2^2 + 3^2 + \dots + 12^2 =$ কত? ২
 খ. p, q ও r এর মান নির্ণয় কর। ৪
 গ. ধারাটির প্রথম $(x + 1)$ সংখ্যক পদের সমষ্টি 19680 হলে, x এর মান নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ ΔABC এর $\angle B = 90^\circ$ এবং AC অতিভুজ।
 ক. পিথাগোরাসের বিপরীত উপপাদ্যটি লিখ। ২
 খ. প্রমাণ কর যে, $AC^2 = AB^2 + BC^2$ ৪
 গ. যদি $AB = BC$ এবং P, AC এর উপরোস্থ কোনো বিন্দু হলে, প্রমাণ কর যে, $PA^2 + PC^2 = 2PB^2$ ৪
 ৫ ▶ PQR একটি সমবাহু ত্রিভুজ যার প্রত্যেক বাহুর দৈর্ঘ্য ৪ সে.মি. $\angle Q$ ও $\angle R$ এর বহির্স্থিত কোণদ্বয় পরস্পর O বিন্দুতে মিলিত হয়।
 ক. PQR সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $\angle QOR = 90^\circ - \frac{1}{2}\angle P$ ৪
 গ. উদ্দীপকে উল্লিখিত ত্রিভুজটির অন্তর্ভুক্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

৬ ▶




- চিহ্নে T বৃত্তের কেন্দ্র এবং $TQ = 7$ সে. মি.।
 ক. বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. প্রমাণ কর যে, $\angle PQR + \angle PSR = 2$ সমকোণ। ৪
 গ. উদ্দীপকের চিহ্নে যদি $\angle PQS + \angle SQR = 90^\circ$ হয়, তবে প্রমাণ কর যে, P, T, R এক সরলরেখায় অবস্থিত। ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $\sqrt{3} \tan A = 1$ এবং $P = 2 \sin^2 \theta + 3 \cos \theta$; যেখানে A ও θ উভয়ই সূক্ষ্মকোণ।
 ক. $\sin(90^\circ - B) = \frac{\sqrt{3}}{2}$ হলে, B এর মান নির্ণয় কর। ২
 খ. দেখাও যে, $\frac{\operatorname{cosec}^2 A - \sec^2 A}{\operatorname{cosec}^2 A + \sec^2 A} = \frac{1}{2}$ ৪
 গ. $P = 3$ হলে θ এর মান নির্ণয় কর। ৪

৮ ▶

চিহ্নে $EB \parallel DA$ এবং $DC = 25$ মিটার

- ক. $\angle EBD + \angle CBD$ এর মান নির্ণয় কর। ২
 খ. AB এর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. $BC + BD$ এর মান নির্ণয় কর। ৪
 ৯ ▶ একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতার অনুপাত $25 : 20 : 15$ এবং কর্ণের দৈর্ঘ্য $50\sqrt{2}$ সে.মি.।
 ক. ঘনবস্তুর কর্ণের দৈর্ঘ্যের সাথে এর প্রস্থের অনুপাত নির্ণয় কর। ২
 খ. ঘনবস্তুর সমগ্র তলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪
 গ. ঘনবস্তুর বৃহত্তম তলটিকে এর দৈর্ঘ্যের চারদিকে ঘোরালে যে ঘনবস্তুটি উৎপন্ন হয় তার ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ নিচে 30 জন শিক্ষার্থীর নির্বাচন পরীক্ষায় গণিতের প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
 70, 68, 95, 65, 71, 82, 86, 81, 85, 90, 97, 86, 78, 78, 77, 92, 90, 83, 69, 87, 80, 82, 95, 97, 75, 77, 79, 80, 91, 73.
 ক. শ্রেণি ব্যবধান 6 ধরে গণসংখ্যা নিবেশণ সারণি তৈরি কর। ২

খ. সারণি থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর।	৪
গ. সারণি হতে আয়তলেখ আঁক।	৪

- ১১ ▶ নিচে একটি গণসংখ্যা নিবেশনের সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	4	6	8	12	9	7	4

- ক. কেন্দ্রীয় প্রবণতা কী? এর পরিমাপগুলি কী কী? ২
 খ. সারণি থেকে মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. সারণি থেকে অজিভ রেখা আঁক। ৪

১২৩ কুমিল্লা মডার্ন হাই স্কুল, কুমিল্লা

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $p^2 = 5 + 2\sqrt{6}$ এবং $a^2 - 2\sqrt{6}a + 1 = 0$ দুইটি বীজগাণিতিক সমীকরণ।
ক. P এর মান নির্ণয় কর। ২
খ. দেখাও যে, $p^5 + \frac{1}{p^5} = 178\sqrt{3}$ । ৪
গ. প্রমাণ কর যে, $\frac{1}{a^3}(a^6 - 1) = 46\sqrt{5}$ । ৪
- ২ ▶ $L = \frac{x^a}{x^b}$, $M = \frac{x^b}{x^c}$, $N = \frac{x^c}{x^a}$, $P = 2^{2x+1}$ এবং $Q = \log_{10}\sqrt{27} + \log_{10}8 - \log_{10}\sqrt{1000}$ ।
ক. $P = 512$ হলে, x এর মান নির্ণয় কর। ২
খ. দেখাও যে, $\sqrt[ab]{L} \times \sqrt[bc]{M} \times \sqrt[ca]{N} = 1$ । ৪
গ. প্রমাণ কর যে, $\frac{Q}{\log_{10} 1.2} = \frac{3}{2}$ । ৪
- ৩ ▶ $6 + x + y + z + 96 + \dots$ একটি গুণোত্তর ধারা এবং $m = \frac{14pq}{p+q}$ ।
ক. দুইটি সংখ্যার অনুপাত 5 : 7 এবং তাদের ল. সা. গু. 280 সংখ্যা দুইটির গ. সা. গু. নির্ণয় কর। ২
খ. x, y, z এর মান নির্ণয় কর। ৪
গ. দেখাও যে, $\frac{m+7p}{m-7p} + \frac{m+7q}{m-7q} = 2$; যেখানে $p \neq q$ । ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ ΔPQR এর PQ এবং PR এর মধ্যবিন্দু যথাক্রমে M, N এবং $PQ > PR$ ।
ক. তথ্যটির চিহ্নিত চিত্র আঁক। ২
খ. প্রমাণ কর যে, $MN \parallel QR$ এবং $MN = \frac{1}{2} QR$ । ৪
গ. $\angle P$ এর সমদ্বিখণ্ডক QR কে D বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে, $\angle PDQ$ স্থূল কোণ। ৪
- ৫ ▶ O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের বহিঃস্থ বিন্দু P থেকে বৃত্তে PA এবং PB দুইটি স্পর্শক।
ক. উদ্দীপকের আলোকে চিত্রটি আঁক। ২
খ. প্রমাণ কর যে, $PA = PB$ । ৪
গ. প্রমাণ কর যে, OP রেখাংশ স্পর্শ জ্যা এর লম্ব দ্বিখণ্ডক। ৪
- ৬ ▶ $S = 11$ সে. মি. $r = 4$ সে. মি. $\angle X = 75^\circ$, $\angle Y = 60^\circ$ ।
ক. 4 সে. মি. বাহুবিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন আবশ্যিক)। ২
খ. বিবরণ সহ একটি ত্রিভুজ অঙ্কন কর, যার পরিসীমা S এবং ভূমিসংলগ্ন কোণদ্বয় $\angle X$ এবং $\angle Y$ । ৪
গ. বিবরণ সহ r এর দৈর্ঘ্যের সমান ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তে এমন দুইটি স্পর্শক অঙ্কন কর যেন তাদের মধ্যবর্তী কোণ 60° এর সমান হয়। ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $m = \tan \theta + \sin \theta$ এবং $n = \tan \theta - \sin \theta$ ।
ক. $\sec A + \tan A = \frac{5}{2}$ হলে, $\sec A - \tan A$ মান নির্ণয় কর। ২
খ. প্রমাণ কর যে, $m^2 - n^2 = 4\sqrt{mn}$ । ৪
গ. $\frac{m}{n} = \frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}$ হলে, θ এর মান নির্ণয় কর যেখানে $0^\circ < \theta < 90^\circ$ । ৪
- ৮ ▶ একটি খুঁটি বাড়ে এমন ভাবে ভেঙ্গে গেল যে, ভাঙ্গা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ করে খুঁটিটির গোড়া থেকে $6\sqrt{3}$ মিটার দূরে মাটি স্পর্শ করে।
ক. সংক্ষিপ্ত বর্ণনা সহ চিত্রটি আঁক। ২
খ. খুঁটিটির সম্পূর্ণ দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
গ. খুঁটিটির ভাঙ্গা অংশ দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ উৎপন্ন করলে খুঁটিটির শীর্ষ গোড়া থেকে কত দূরে ভূমিকে স্পর্শ করবে নির্ণয় কর। ৪
- ৯ ▶ একটি সমবাহু ত্রিভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য 2 মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $5\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়।
ক. 5 সে. মি. ধার বিশিষ্ট ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
গ. কোনো সমবৃত্তভূমিক সিলিন্ডারের উচ্চতা এবং ভূমির ব্যাসার্ধ যথাক্রমে ত্রিভুজটির উচ্চতা এবং এক বাহুর দৈর্ঘ্যের সমান হলে, সিলিন্ডারের আয়তন এবং বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ নিচে 25 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষায় গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
67, 71, 77, 65, 72, 80, 84, 80, 61, 62, 82, 72, 81, 68, 80, 75, 65, 72, 75, 83, 80, 81, 67, 74, 88
ক. 5 শ্রেণি ব্যবধান ধরে গণসংখ্যা সারণি তৈরি কর। ২
খ. গণসংখ্যা সারণি হতে প্রচুরক নির্ণয় কর। ৪
গ. গণসংখ্যা সারণি হতে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪
- ১১ ▶ ১০ শ্রেণির 60 জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :
- | শ্রেণিব্যাপ্তি | 31-40 | 41-50 | 51-60 | 61-70 | 71-80 | 81-90 |
|----------------|-------|-------|-------|-------|-------|-------|
| গণসংখ্যা | 6 | 8 | 12 | 22 | 5 | 7 |
- ক. ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২
খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
গ. গণসংখ্যা নিবেশনের আয়তলেখ অঙ্কন কর। ৪

১২৪ ইম্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $y = 5 + 2\sqrt{6}$ এবং $x^2 + \frac{1}{x^2} = \frac{82}{9}$.
- ক. উৎপাদকে বিশ্লেষণ কর : $m^3 - 3m^2 + 3m - 2$. ২
- খ. $y^4 + \frac{1}{y^4}$ এর মান নির্ণয় কর। ৪
- গ. প্রমাণ কর যে, $27\left(x^3 - \frac{1}{x^3}\right) = 728$. ৪
- ২ ▶ একটি সমান্তর ধারার 15-তম পদ 89 এবং 21-তম পদ 125. অপর একটি গুণোত্তর ধারা : $-\frac{1}{2} + x + y + z - 2 + \dots$
- ক. $7 + 11 + 15 + \dots$ ধারাটির 210 তম পদ নির্ণয় কর। ২
- খ. উদ্দীপকের সমান্তর ধারাটির প্রথম 25টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪
- গ. উদ্দীপকের গুণোত্তর ধারাটির x, y ও z এর মান নির্ণয় কর। ৪
- ৩ ▶ $y = \frac{14mn}{m+n}$ এবং $p : q = q : r$.
- ক. দেখাও যে, $\frac{p}{r} = \frac{p^2 + q^2}{q^2 + r^2}$. ২
- খ. প্রমাণ কর যে, $p^4 q^4 r^4 \left(\frac{1}{p^6} + \frac{1}{q^6} + \frac{1}{r^6}\right) = p^6 + q^6 + r^6$. ৪
- গ. $\frac{y+7m}{y-7m} + \frac{y+7n}{y-7n}$ এর মান নির্ণয় কর, $m \neq n$. ৪


খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ $a = 4$ সে.মি., $b = 5.2$ সে.মি. এবং $\angle x = 65^\circ$.
- ক. কোনো ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য a ও b এর দৈর্ঘ্যের সমান এবং এদের অন্তর্গত কোণ $\angle x$ হলে, ত্রিভুজটি অঙ্কন কর। ২
- খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a এর দৈর্ঘ্যের সমান বাহুবিশিষ্ট সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। ৪
- গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a ও b এর দৈর্ঘ্যকে কোনো রম্বসের দুটি কর্ণ ধরে রম্বসটি অঙ্কন কর। ৪



চিত্রে বৃত্তের ব্যাস 6 সে.মি.।

- ক. উদ্দীপকের বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. প্রমাণ কর যে, $\angle QPS = \frac{1}{2} \angle QOS$. ৪
- গ. প্রমাণ কর যে, $\angle QRS + \angle QPS = 180^\circ$. ৪



ΔPQR এর $\angle P$ এর সমদ্বিখণ্ডক QR বাহুকে D বিন্দুতে ছেদ করে এবং ΔPQR ও ΔMNO সদৃশকোণী।

- ক. একটি নির্দিষ্ট রেখাংশকে 2 : 3 অনুপাতে বিভক্ত কর। ২
- খ. ΔPQR এর ক্ষেত্রে প্রমাণ কর যে, $QD : DR = QP : PR$. ৪
- গ. প্রমাণ কর যে, $\frac{\Delta PQR}{\Delta MNO} = \frac{QR^2}{NO^2}$. ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ $a = \sin \theta$, $b = \cos \theta$ এবং $A = 30^\circ$.
- ক. $(\cos A - \sin A)$ এর মান নির্ণয় কর। ২
- খ. $a^2 + a^4 = 1$ হলে উদ্দীপকের সাহায্যে প্রমাণ কর যে, $\left(\frac{a}{b}\right)^4 - \left(\frac{a}{b}\right)^2 = 1$. ৪
- গ. সমাধান কর : $\sqrt{2}a^2 - (1 + \sqrt{2})a + 1 = 0$, যখন $0^\circ \leq \theta \leq 90^\circ$. ৪
- ৮ ▶ 48 মিটার দীর্ঘ একটি গাছের গোড়া থেকে কিছু দূরে ভূতলের কোনো বিন্দুতে গাছের শীর্ষের উন্নতি কোণ 60° । ঐ বিন্দু থেকে x মিটার পিছিয়ে গেলে শীর্ষের উন্নতি কোণ 30° হয়। একদিন গাছটি ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে, তার অবিচ্ছিন্ন ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ উৎপন্ন করে গাছের গোড়া থেকে y মিটার দূরে মাটি স্পর্শ করে।
- ক. $\sin^2 60^\circ - \cos^2 60^\circ$ এর মান নির্ণয় কর। ২
- খ. x এর মান নির্ণয় কর। ৪
- গ. y এর মান নির্ণয় কর। ৪
- ৯ ▶ একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 56 সে.মি. ও 86 সে.মি.। একটি লোহার পাইপের ভেতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 10 সে.মি. ও 13 সে.মি. এবং উচ্চতা 6 মিটার।
- ক. পাইপের বাইরের বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. এক ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে পাইপের লোহার ওজন নির্ণয় কর। ৪
- গ. ট্রাপিজিয়ামের অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্য 13 সে.মি. ও 19 সে.মি. হলে, ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ নিচে একটি গণসংখ্যা সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	5	6	8	12	5	8	6

- ক. মধ্যক শ্রেণির মধ্যবিন্দু নির্ণয় কর। ২
- খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
- গ. প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

- ১১ ▶ নিচে একটি গণসংখ্যা সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	50-54	55-59	60-64	65-69	70-74
গণসংখ্যা	7	13	19	15	9

- ক. সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ২
- খ. সারণি থেকে মধ্যক নির্ণয় কর। ৪
- গ. প্রদত্ত উপাত্ত হতে অজিভ রেখা আঁক। ৪

১২৫ বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত


- ১ ▶ $U = \{x : x \text{ ধনাত্মক পূর্ণসংখ্যা এবং } 4 \leq x < 10\}$
 $M = \{4, 6, 8\}$, $N = \{5, 7, 8\}$ এবং
 $D = \{x : x \in N \text{ এবং } x^2 - 9x + 20 = 0\}$ চারটি সেট।
 ক. D সেটকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২
 খ. $M \cup N$ এবং $N \times (D \cap M)$ নির্ণয় কর। ৪
 গ. দেখাও যে, D' এর উপাদান সংখ্যা n হলে P(D') এর উপাদান সংখ্যা 2^n কে সমর্থন করে। ৪
- ২ ▶ $p = \sqrt{x^{-1} \cdot y} \times \sqrt{y^{-1} \cdot z} \times \sqrt{z^{-1} \cdot x}$
 $q = \frac{3^{y+1}}{(3^y)^{y-1}} \div \frac{9^{y+1}}{3^{(y+1)(y-1)}} \times \sqrt{81}$
 $r = \frac{3 \cdot 2^n - 4 \cdot 2^{n-2}}{2^n - 2^{n-1}} \div 4$
 ক. p এর মান বের কর। ২
 খ. q এর মান বের কর। ৪
 গ. প্রমাণ কর যে, $\log(pqr) = 0$ । ৪
- ৩ ▶ কোনো একটি গুণোত্তর ধারার প্রথম পদ a, সাধারণ অনুপাত r এবং ধারাটির পঞ্চম পদ $3\sqrt{3}$ এবং অষ্টম পদ -27 ।
 ক. উপরের তথ্যগুলো দুইটি সমীকরণের মাধ্যমে প্রকাশ কর। ২
 খ. ধারাটির 10 তম পদ নির্ণয় কর। ৪
 গ. গুণোত্তর ধারাটি নির্ণয় করে, তার প্রথম আটটি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ 
 চিত্রে $\triangle ABC$ এর $\angle C$ এক সমকোণ। $\angle B = 2\angle A$ ।
 ক. $\angle B$ এর মান বের কর। ২
 খ. C বিন্দুতে $\angle ABC$ এর সমান $\angle BCD$ আঁক যা AB কে D বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, $\triangle BCD$ সমবাহু। ৪
 গ. প্রমাণ কর যে, $AB = 2BC$ । ৪
- ৫ ▶ $\triangle ABC$ এর ভূমি সংলগ্ন $\angle B = 45^\circ$ এবং $\angle C = 60^\circ$ এবং পরিসীমা ৪ সে.মি।
 ক. $\angle B$ ও $\angle C$ অঙ্কন করে সমদ্বিখণ্ডিত কর। ২
 খ. ত্রিভুজটি আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. এই ত্রিভুজের পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট একটি রম্বস আঁক, যার একটি কোণ 60° । (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

- ৬ ▶ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের বহিঃস্থ বিন্দু P থেকে PA ও PB দুইটি স্পর্শক।
 ক. উদ্দীপকের আলোকে চিত্রটি আঁক। ২
 খ. প্রমাণ কর যে, $PA = PB$ । ৪
 গ. প্রমাণ কর যে, OP রেখাংশ স্পর্শক জ্যা এর লম্বদ্বিখণ্ডক। ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৭ ▶ 
 ক. $\cot \theta$ এর মান নির্ণয় কর। ২
 খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,
 $\tan^2 \theta - \sin^2 \theta = \tan^2 \theta \cdot \sin^2 \theta$ । ৪
 গ. জ্যামিতিক পদ্ধতিতে প্রমাণ কর যে, $\sin^2 \theta + \cos^2 \theta = 1$ । ৪
- ৮ ▶ একটি গাছ বাড়ে এমনভাবে ভেঙে গেল যে, ভাঙা অংশ ভূমির সাথে 60° কোণে গোড়া হতে 10 মিটার দূরে মাটি স্পর্শ করে এবং দণ্ডায়মান অংশের সাথে θ কোণ উৎপন্ন করে।
 ক. চিত্রসহ উন্নতি কোণ ও অবনতি কোণের সংজ্ঞা দাও। ২
 খ. গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. উদ্দীপক অনুসারে প্রমাণ কর $\cos 2\theta = \frac{1 - \tan^2 \theta}{1 + \tan^2 \theta}$ । ৪
- ৯ ▶ একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য 12 মিটার এবং প্রস্থ 5 মিটার। আয়তক্ষেত্রটিকে ঘিরে একটি বৃত্তাকার ক্ষেত্র আছে যেখানে আয়তক্ষেত্র দ্বারা গঠিত অংশে ঘাস লাগানো হলো।
 ক. উপরের তথ্যের ভিত্তিতে সংক্ষিপ্ত বর্ণনাসহ চিত্র আঁক। ২
 খ. বৃত্তাকার ক্ষেত্রটির ব্যাস নির্ণয় কর। ৪
 গ. প্রতি বর্গমিটার ঘাস লাগাতে 50 টাকা খরচ হলে মোট খরচ নির্ণয় কর। ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০ ▶ ১০ম শ্রেণির 60 জন পরীক্ষার্থীর ওজনের গণসংখ্যা সারণি দেওয়া হলো :

ওজন (কেজি)	41-45	46-50	51-55	56-60	61-65	66-70
শিক্ষার্থীর সংখ্যা	4	6	12	20	15	3

- ক. ক্রমযোজিত গণসংখ্যা বের কর। ২
 খ. সারণি হতে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. গণসংখ্যা সারণি হতে আয়তলেখ অঙ্কন কর। ৪
- ১১ ▶ কোনো শ্রেণির 50 জন শিক্ষার্থীর গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর এর গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :
- | শ্রেণিব্যাপ্তি | 31-40 | 41-50 | 51-60 | 61-70 | 71-80 | 81-90 | 91-100 |
|----------------|-------|-------|-------|-------|-------|-------|--------|
| গণসংখ্যা | 4 | 6 | 8 | 12 | 9 | 7 | 4 |
- ক. পরিসর কী? কেন্দ্রীয় প্রবণতা পরিমাপকের নামগুলো কি কি? ২
 খ. প্রদত্ত সারণি থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. উপান্তের অজিত রেখা অঙ্কন কর। ৪

১২৬✓ ইম্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

- ১▶ $A = \{x \in \mathbb{Z} : x^2 < 9\}$, $B = \{x \in \mathbb{N} : x^2 - 3x + 2 = 0\}$,
 $C = \{0, 1, 2\}$ এবং $S = \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } x - y = 1\}$
 ক. B সেটকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২
 খ. $P(B \cup C)$ এবং $B \times (A \cap C)$ নির্ণয় কর। ৪
 গ. S অন্তর্গত তালিকা পদ্ধতিতে প্রকাশ কর এবং ডোম s ও রেঞ্জ s নির্ণয় কর। ৪

- ২▶ $x^2 = 11 - 2\sqrt{30}$, $a^3 + \frac{1}{a^3} = P$ কতিপয় বীজগাণিতিক রাশি।

- ক. $x - \frac{1}{x}$ এর মান নির্ণয় কর। ২
 খ. $P = 18\sqrt{3}$ হলে দেখাও যে, $a = \sqrt{3} + \sqrt{2}$ । ৪
 গ. $x^5 - \frac{1}{x^5}$ এর মান নির্ণয় কর। ৪

- ৩▶ একটি সমান্তর ধারার p-তম পদ, q-তম পদ এবং r-তম পদ যথাক্রমে x, y, z। অপর একটি ধারা হলো $\log 3 + \log 9 + \log 27 + \dots$


- ক. প্রথম 53টি স্বাভাবিক সংখ্যার ঘন এর সমষ্টি কত? ২
 খ. সমান্তর ধারার ক্ষেত্রে দেখাও যে,
 $x(q - r) + y(r - p) + z(p - q) = 0$ ৪
 গ. ধারাটির 1ম দশটি ও 1ম বারটি পদের সমষ্টির পার্থক্য নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪▶ একটি ত্রিভুজের পরিসীমা $p = 12$ সে.মি. এবং ভূমি সংলগ্ন দুইটি কোণ $\angle x = 70^\circ$; $\angle y = 50^\circ$ ।

- ক. পেন্সিল কম্পাসের সাহায্যে 75° কোণ অঙ্কন কর। ২
 খ. ত্রিভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
 গ. $\frac{p}{2}$ ও $\frac{p}{3}$ কোনো ট্র্যাপিজিয়ামের দুইটি সমান্তরাল বাহু এবং $\frac{p}{2}$ বাহু সংলগ্ন দুইটি কোণ $\angle x$ ও $\angle y$ হলে, ট্র্যাপিজিয়ামটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

৫▶



- ক. প্রমাণ কর যে, বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা। ২
 খ. $\angle OAB = \angle OAC$ হলে দেখাও যে, $AB = AC$ । ৪
 গ. প্রমাণ কর যে, $\angle BAC = \frac{1}{2} \angle BOC$ । ৪

- ৬▶ ΔPQR এ QD একটি মধ্যমা।

- ক. উদ্দীপকের আলোকে আনুপাতিক চিত্র আঁক। ২
 খ. প্রমাণ কর যে, $PQ^2 + QR^2 = 2(PD^2 + QD^2)$ ৪
 গ. যদি $PQ = QR = PR$ হয়, তাহলে প্রমাণ কর যে, $4QD^2 = 3PQ^2$ ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি


- ৭▶ (i) $\frac{\cos \alpha - \sin \alpha}{\cos \alpha + \sin \alpha} = \frac{\sqrt{3} - 1}{1 + \sqrt{3}}$

(ii) $2 \cos(A + B) = 1 = 2 \sin(A - B)$ এবং $2Q^2 + 3P = 0$, যখন $\sin x = P$, $\cos x = Q$

(iii) একটি খুঁটি এমনভাবে ভেঙে গেল যে, তার অবিচ্ছিন্ন ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 30° কোণ উৎপন্ন করে খুঁটির গোড়া থেকে $10\sqrt{3}$ মিটার দূরে ভূমি স্পর্শ করে।

- ক. α এর মান নির্ণয় কর। ২
 খ. A, B এবং x এর মান নির্ণয় কর। যখন A, B এবং x সূক্ষ্মকোণ। ৪
 গ. খুঁটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

৮▶ (i)




(ii) একটি কাঠের বাস্তবের বাইরের মাপ যথাক্রমে 10 সে.মি., 9 সে.মি. ও 7 সে.মি.। বাস্তবের ভিতরের সমগ্র পৃষ্ঠের ক্ষেত্রফল 262 বর্গ সে.মি. এবং কাঠের পুরুত্ব সমান।

(iii) একটি রম্বসের পরিসীমা 180 সে.মি. এবং এর একটি কর্ণের দৈর্ঘ্য 54 সে.মি.।

- ক. (i) নং চিত্রটি হতে AB এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. কাঠের পুরুত্ব নির্ণয় কর। ৪
 গ. রম্বসটির অপর কর্ণ এবং ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

- ৯▶ (i) কোনো ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য $8\sqrt{2}$ সে.মি.।
 (ii) একটি লোহার পাইপের বাইরের ও ভিতরের ব্যাস যথাক্রমে 14 সে.মি. ও 12 সে.মি. এবং পাইপের উচ্চতা 5 মিটার।

(iii) পথের বিস্তার = 4 m



- ক. ঘনকের কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় কর। ২
 খ. 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে, পাইপের লোহার ওজন নির্ণয় কর। ৪
 গ. চিত্রটি হতে পথটির ক্ষেত্রফল নির্ণয় কর এবং 25 সে.মি. দৈর্ঘ্য এবং 12.5 সে.মি. প্রস্থ বিশিষ্ট ইট দ্বারা পথটি মোড়াতে কতটি ইট লাগবে? ৪

ঘ বিভাগ : পরিসংখ্যান

- ১০▶ কোনো স্কুলের ১০ম শ্রেণির 50 জন শিক্ষার্থীর ওজন (কিলোগ্রাম) হলো :

45, 50, 55, 51, 56, 57, 56, 60, 58, 60, 61, 60, 62, 60, 63, 64, 60, 61, 63, 66, 67, 61, 70, 70, 68, 60, 63, 61, 50, 55, 57, 56, 63, 60, 62, 56, 67, 70, 69, 70, 69, 68, 70, 60, 56, 58, 61, 63, 64, 67.

- ক. শ্রেণি ব্যবধান 6 ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি কর। ২
 খ. সারণি থেকে অজিভ রেখা অঙ্কন কর। ৪
 গ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪

- ১১▶ দশম শ্রেণির নির্বাচনী পরীক্ষার গণিত বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি নিম্নরূপ :

নম্বর	1-10	11-20	21-30	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	3	6	16	10	13	20	15	4	2	1

- ক. কেন্দ্রীয় প্রবণতা কী? কেন্দ্রীয় প্রবণতার পরিমাপগুলো লিখ। ২
 খ. উপরের সারণি থেকে মধ্যক নির্ণয় কর। ৪
 গ. সারণি থেকে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

১২৭✓ ব্লু-বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : বীজগণিত

১ ▶ $n \in \mathbb{N}$ এর জন্য $x = 2n - 1$ এবং $R = \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } x + y = 1\}$ যেখানে $A = \{-2, -1, 0, 1, 2\}$

- ক. $7.3\bar{2}$ কে $0.2\bar{7}$ দ্বারা ভাগ কর। ২
 খ. দেখাও যে, x^2 কে ৪ (আট) দ্বারা ভাগ করলে প্রতিশেষে ১ ভাগশেষ থাকবে। ৪
 গ. R অস্বয়টিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করে এর ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর। অস্বয়টি কী একটি ফাংশন? ৪

২ ▶ $a = \sqrt{5 + 2\sqrt{6}}$ এবং $x^3 - 3px^2 + 3x - p = 0$.

- ক. $\log_x \frac{1}{16} = -2$ হলে x এর মান কত? ২
 খ. প্রমাণ কর যে, $a^5 + \frac{1}{a^5} = 178\sqrt{3}$. ৪
 গ. দেখাও যে, $x = \frac{(p+1)^{\frac{1}{3}} + (p-1)^{\frac{1}{3}}}{(p+1)^{\frac{1}{3}} - (p-1)^{\frac{1}{3}}}$. ৪

৩ ▶ $4 + x + y + z + 1024$ একটি গুণোত্তর ধারা এবং অপর একটি সমান্তর ধারার ১ম ১০ পদের সমষ্টি ১৫৫ এবং ১ম ২০ পদের সমষ্টি ৬১০.


- ক. $a^x = b$, $b^y = c$ এবং $c^z = a$ হলে দেখাও যে, $xyz = 1$. ২
 খ. উদ্দীপকে উল্লিখিত গুণোত্তর ধারাটি হতে x , y এবং z এর মান নির্ণয় কর। ৪
 গ. সমান্তর ধারাটির ৩০ তম পদ নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

৪ ▶ $S = 13$ সে.মি., $r = 6$ সে.মি., $\angle X = 75^\circ$, $\angle Y = 60^\circ$ এবং $\angle Z = 20^\circ$.

- ক. ৬ সে.মি. বাহু এবং $\angle Y$ কোণ বিশিষ্ট একটি রম্বস অঙ্কন কর। ২
 খ. বিবরণসহ একটি ত্রিভুজ অঙ্কন কর যার পরিসীমা S এবং ভূমি সংলগ্ন কোণদ্বয় $\angle X$ ও $\angle Y$. ৪
 গ. বিবরণসহ r দৈর্ঘ্যের সমান ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন দুইটি স্পর্শক অঙ্কন কর যেন তাদের মধ্যবর্তী কোণ $3\angle Z$ এর সমান হয়। ৪

৫ ▶ দৃশ্যকল্প :



- ক. প্রমাণ কর যে, বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা। ২
 খ. দৃশ্যকল্প হতে প্রমাণ কর যে, $\angle ABC + \angle ADC = 180^\circ$ এবং $\angle BAD + \angle BCD = 180^\circ$. ৪
 গ. দৃশ্যকল্প হতে প্রমাণ কর যে, $PA = PB$. ৪

৬ ▶ $\triangle ABC$ ও $\triangle DEF$ ত্রিভুজদ্বয় সদৃশ এবং তাদের অনুরূপ বাহু BC ও EF।

- ক. দুইটি ত্রিভুজের উচ্চতা সমান হলে, প্রমাণ কর যে, তাদের ক্ষেত্রফলদ্বয়ের অনুপাত ভূমিদ্বয়ের অনুপাতের সমান। ২
 খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে, $\triangle ABC : \triangle DEF = BC^2 : EF^2$. ৪
 গ. $\triangle ABC$ এর AD মধ্যমা এবং $AB = BC = CA$ হলে প্রমাণ কর যে, $4AD^2 = 3AB^2$. ৪

গ বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি


৭ ▶ $\tan A + \sec A = \frac{x}{y}$ এবং A সূক্ষ্মকোণ।

- ক. $A = 60^\circ$ হলে, দেখাও যে, $x = \frac{y}{2 - \sqrt{3}}$. ২
 খ. $x = y\sqrt{3}$ হলে A এর মান নির্ণয় কর। ৪
 গ. প্রমাণ কর যে, $\cos A = \frac{2xy}{x^2 + y^2}$. ৪

৮ ▶ ভূতলস্থ কোনো স্থানে একটি দালানের ছাদের একটি বিন্দুর উন্নতি কোণ 60° . ঐ স্থান থেকে ৪২ মিটার পিছিয়ে গেলে দালানের ঐ বিন্দুর উন্নতি কোণ 30° হয়।

- ক. $\frac{1 - \cos^2 45^\circ}{1 + \cos^2 45^\circ} + \cos 60^\circ =$ কত? ২
 খ. দালানের উচ্চতা নির্ণয় কর। ৪
 গ. যে বিন্দুতে উন্নতি কোণ 30° সেই বিন্দু থেকে দালানের শীর্ষ ও পাদবিন্দুর দূরত্বের পার্থক্য নির্ণয় কর। ৪

৯ ▶ দৃশ্যকল্প-১ :




ক. সুযম পঞ্চভুজের প্রতিটি শীর্ষে উৎপন্ন কোণের পরিমাণ কত? ২

খ. দৃশ্যকল্প-১ এ বর্ণিত সুযম বহুভুজে $a = 4$ সে.মি. হলে এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. দৃশ্যকল্প-২ এ বর্ণিত সমবৃত্তভূমিক বেলনের আয়তন ও সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

দৃশ্যকল্প-২ :



ঘ বিভাগ : পরিসংখ্যান

১০ ▶ ৫০ জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

শ্রেণিব্যাপ্তি	25-34	35-44	45-54	55-64	65-74	75-84	85-94
গণসংখ্যা	5	7	4	11	9	10	4

ক. প্রদত্ত সারণি থেকে ক্রমযোজিত গণসংখ্যা সারণি তৈরি কর। ২

খ. সর্ধক্ষণ পদ্ধতিতে প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত সারণির আয়তলেখ অঙ্কন কর। ৪

১১ ▶ একটি বিদ্যালয়ের দশম শ্রেণির ৩৬ জন শিক্ষার্থীর ওজন (কিলোগ্রাম) নিচে দেওয়া হলো :

51, 47, 43, 56, 41, 60, 40, 52, 62, 47, 53, 54, 64, 49, 45, 42, 51, 50, 48, 55, 44, 52, 59, 57, 54, 43, 48, 56, 53, 60, 43, 46, 51, 57, 59, 41.

ক. শ্রেণি ব্যবধান ৫ ধরে শ্রেণিসংখ্যা নির্ণয় কর। ২

খ. গণসংখ্যা সারণি তৈরি করে মধ্যক নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত উপাত্তের অজিত রেখা আঁক এবং অজিত রেখা হতে মধ্যক নির্ণয় করে দেখাও যে, তা (খ)-এ প্রাপ্ত ফলাফলের কাছাকাছি। ৪

১২৮ ✓ পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পটুয়াখালী

বিষয় কোড : 109

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

গণিত সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে দুইটি, খ বিভাগ হতে দুইটি, গ বিভাগ হতে দুইটি এবং ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।



ক বিভাগ : বীজগণিত

- ১ ▶ $p + q = \sqrt{3}$ এবং $p^2 - q^2 = \sqrt{6}$
ক. q এর মান নির্ণয় কর। ২
খ. প্রমাণ কর যে, $p^3 + q^3 - \frac{\sqrt{12}}{8} = 2\sqrt{3}$. ৪
গ. $p^5 - q^5$ এর মান কত? ৪
- ২ ▶ $\frac{6}{x} = \frac{1}{m} + \frac{1}{n}$ এবং $p : q = q : r$
ক. দেখাও যে, $x = \frac{6mn}{m+n}$ ২
খ. প্রমাণ কর যে, $\frac{x+3m}{x-3m} + \frac{x+3n}{x-3n} = 2$, $m \neq n$. ৪
গ. দেখাও যে, $p^2q^2r^2 \left(\frac{1}{p^3} + \frac{1}{q^3} + \frac{1}{r^3} \right) = p^3 + q^3 + r^3$. ৪
- ৩ ▶ একটি গুণোত্তর ধারার ৩য় পদ $\frac{1}{\sqrt{3}}$ এবং ৮ম পদ $\frac{1}{27}$ এবং অপর একটি সমান্তর ধারার ১ম ১০ পদের সমষ্টি ১৫৫ এবং ১ম ২০ পদের সমষ্টি ৬১০.
ক. $64 + 32 + 16 + 8 + \dots$ ধারাটির অষ্টম পদ কত? ২
খ. গুণোত্তর ধারাটির প্রথম ১০টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪
গ. সমান্তর ধারাটি নির্ণয় কর। ৪

খ বিভাগ : জ্যামিতি

- ৪ ▶ ΔPQR এর PQ , QR এবং RP বাহুর মধ্যবিন্দু যথাক্রমে M , N , O .
ক. যদি $PQ > PR$ হয় তবে $\angle PNQ$ এবং $\angle PNR$ কোণ দুইটি কিরূপে হবে। ২
খ. প্রমাণ কর যে, $PQ + PR > 2PN$. ৪
গ. যদি ΔPQR একটি সমবাহু ত্রিভুজ হয় তবে প্রমাণ কর যে, $PN = QO = RM$. ৪
- ৫ ▶ ত্রিভুজের ভূমি ৪ সে.মি., অপর দুই বাহুর সমষ্টি ৭ সে.মি. এবং ভূমি সংলগ্ন একটি কোণ 60° .
ক. ৭ সে.মি. কে স্কেল ও পেন্সিল কম্পাসের সাহায্যে সমান তিনভাগে ভাগ কর। ২
খ. উদ্দীপকের আলোকে ত্রিভুজটি অঙ্কন কর।
[অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
গ. ভূমির অর্ধেকের সমান ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্তে দুইটি স্পর্শক আঁক যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়।
[অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
- ৬ ▶ $PQRS$ চতুর্ভুজটি O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত। PR ও QS কর্ণদ্বয় পরস্পরকে M বিন্দুতে ছেদ করেছে।
ক. চিত্রসহ অন্তঃস্পর্শ ও বহিঃস্পর্শ এর সংজ্ঞা দাও। ২
খ. প্রমাণ কর যে, $\angle POQ + \angle ROS = 2\angle PMQ$ ৪
